# বার্ষিক প্রতিবেদন
# ২০১৬-২০১৭













গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**

**পরিকল্পনা মন্ত্রণালয়**

যেখানে আপনার একটি স্বপ্ন আছে

# বার্ষিক প্রতিবেদন
# ২০১৬-২০১৭

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

## উপদেষ্টা

আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি
মাননীয় মন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়

এম. এ. মান্নান, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
ও
পরিকল্পনা মন্ত্রণালয়

## সার্বিক তত্ত্বাবধানে

কে এম মোজাম্মেল হক
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

## সম্পাদনা পরিষদ

| | |
|---|---|
| মাহমুদা আকতার, অতিরিক্ত সচিব (উন্নয়ন) | আহবায়ক |
| এ. বি. এম. জাকির হোসাইন, অতিরিক্ত সচিব (প্রশাসন) | সদস্য |
| শাহনুন নেছা, যুগ্ম-সচিব (প্রশাসন) | সদস্য |
| ড. কাইয়ুম আরা বেগম, পরিচালক (যুগ্ম-সচিব), বিবিএস | সদস্য |
| ঘোষ সুব্রত, পরিচালক, বিবিএস | সদস্য |
| মোঃ মনিরুজ্জামান খাঁন, উপসচিব | সদস্য |
| মো. ওসমান ভুইয়া, উপসচিব | সদস্য |
| নূরজাহান, উপসচিব | সদস্য |
| মোল্লা মিজানুর রহমান, উপসচিব | সদস্য |
| রুবিনা ফেরদৌসী, সিনিয়র সহকারী সচিব | সদস্য |
| মোহাম্মদ আনোয়ার হোসাইন, সিনিয়র সহকারী সচিব | সদস্য |
| মো. গোলাম মোস্তফা, উপপরিচালক, বিবিএস | সদস্য |
| মোঃ মীর হোসেন, উপসচিব | সদস্য-সচিব |


## কৃতজ্ঞতায়

মোঃ আমীর হোসেন, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এ. বি. এম. আরশাদ হোসেন, উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিচালকবৃন্দ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

## প্রচ্ছদ

চিত্তরঞ্জন ঘোষ, প্রকাশনা শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

## প্রকাশকাল

১২ অক্টোবর ২০১৭
২৭ আশ্বিন ১৪২৪

## মুদ্রণ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রেস
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

# সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| মাননীয় পরিকল্পনা মন্ত্রীর বাণী........................................................................ | ix |
| মাননীয় অর্থ প্রতিমন্ত্রী ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর বাণী...................................................... | xi |
| সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর মুখবন্ধ............................................... | xiii |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সম্পাদকীয়.................. | xv |
| Abbreviation.............................................................................. | xvii- xviii |
| ১.০ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ.................................................................. | ১ |
| ১.১ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কার্যাবলি.................................................. | ১ |
| ১.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জনবল..................................................... | ২ |
| ১.৩ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাম্প্রতিক অর্জন......................................... | ২ |
| ১.৩.১ পরিসংখ্যান বিভাগ পুনঃপ্রতিষ্ঠা......................................................................... | ২ |
| ১.৩.২ বিভাগ সম্প্রসারণ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পুনর্গঠন.................................... | ২ |
| ১.৩.৩ Open Government Data (OGD) Catalog তৈরি.............................................. | ৩ |
| ১.৩.৪ Open Government Data Strategy (OGDS)-2016..................................... | ৩ |
| ১.৩.৫ Sustainable Development Goals (SDGs) বাস্তবায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ভূমিকা এবং গৃহীত কর্ম-পরিকল্পনা… … … … … … … … … … … … … … … … … … … … … … ….. | ৩ |
| ১.৩.৬ ই-ফাইলিং কার্যক্রম মনিটরিং ........................................................................ | ৫ |
| ১.৩.৭ SMS- Push/Pull- এর মাধ্যমে BBS এর গুরুত্বপূর্ণ তথ্য জনগণকে অবহিত করা........... | ৫ |
| ১.৩.৮ মোবাইল এসএমএস সিস্টেম … … … … … … … … … … … … … … … …. | ৫ |
| ১.৩.৯ **e-GP-**এর কাজে সহায়তা প্রদান করা ........................................................... | ৫ |
| ১.৩.১০ ইনোভেশন কার্যক্রম.................................................................................. | ৫ |
| ১.৩.১১ জিও কোডের গেজেট প্রকাশ......................................................................... | ৫ |
| **১.৩.১২** পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন.............................................................. | ৬ |
| ১.৩.১৩ পরিসংখ্যান আইনের বিষয়ে বিধিমালা ও নীতিমালা প্রণয়ন.................................... | ৬ |
| ১.৩.১৪ জেলা গেজেটিয়ার প্রণয়ন............................................................................. | ৬ |
| ১.৩.১৫ বিভাগীয় ও জেলা পরিসংখ্যান অফিস স্থাপন..................................................... | ৬ |
| ১.৩.১৬ বাংলাদেশে বিভিন্ন সেক্টরের উল্লেখযোগ্য অর্জন সংক্রান্ত কতিপয় পরিসংখ্যান............. | ৭-১২ |
| ১.৩.১৭ জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS)................................................... | ১৩ |
| ১.৩.১৮ জাতিসংঘের পরিসংখ্যান কমিশনের কার্যক্রমে বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থার সম্পৃক্ততা.............................................................................................. | ১৩ |
| ১.৪ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থবছরে চলমান প্রকল্প/কর্মসূচিসমূহের বিবরণ…………………….. | ১৪ |
| ১.৪.১ অর্থনৈতিক শুমারি-২০১৩ প্রকল্প.......................................................................... | ১৪ |
| ১.৪.২ বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প.................. | ১৫ |
| ১.৪.৩ স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ প্রকল্প.... | ১৫ |
| ১.৪.৪ ইম্প্রুভিং অব লেবার স্ট্যাটিস্টিক্স অ্যান্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম থ্রু প্যানেল সার্ভে (LMIS) প্রকল্প...................................................................................... | ১৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১.৪.৫ ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন্স অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প........................................................................................................ | ১৬ |
| ১.৪.৬ মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিক্স অব বাংলাদেশ (এমএসভিএসবি) প্রকল্প.. | ১৬ |
| ১.৪.৭ অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প................................ | ১৭ |
| ১.৪.৮ হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) প্রকল্প.............................. | ১৭ |
| ১.৪.৯ স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প........................................................................ | ১৮ |
| ১.৪.১০ ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প.......................................................... | ১৮-১৯ |
| ২.০ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন সংস্থা..................................... | ২০ |
| ২.১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)........................................................... | ২০ |
| ২.২ পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উল্লেখযোগ্য কার্যাবলি.... | ২০ |
| ২.৩ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনবল............................................................. | ২১ |
| ৩.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন উইংসমূহ … … … … … … ..................... | ২২ |
| ৩.১ এগ্রিকালচার উইং (Agriculture Wing)....................................................... | ২২ |
| ৩.১.১ ২০১৬-১৭ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদনের হিসাব.............................................................. | ২২ |
| ৩.১.২ ২০১৫-১৬ অর্থ বছরে ১২০টি অ-প্রধান ( ১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাব.............................................................................. | ২৩ |
| ৩.১.৩ কৃষি মজুরির হার........................................................................... | ২৩ |
| ৩.১.৪ ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান ................................................................ | ২৪ |
| ৩.১.৫ এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত কার্যক্রম, ২০১৬-২০১৭ অর্থ বছর........................ | ২৪ |
| ৩.১.৬ এগ্রিকালচার উইং এর আওতায় ২০১৬-২০১৭ অর্থ বছরের গৃহিত প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি.................................................................................. | ২৪ |
| ৩.১.৬.১ স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ প্রকল্প. | ২৪-২৫ |
| ৩.১.৭ ভবিষ্যৎ পরিকল্পনা.......................................................................... | ২৬ |
| ৪.০ কম্পিউটার উইং ............................................................................... | ২৬ |
| ৪.১ কম্পিউটার উইং এর কার্যাবলি................................................................ | ২৬ |
| ৪.২ কম্পিউটার উইং এর ২০১৬-১৭ বছরের চলমান প্রকল্পসমূহের বিবরণ.......................... | ২৬ |
| ৪.২.১ ষ্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প........................................................................ | ২৬ |
| ৪.২.২ অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প................................ | ২৭ |
| ৪.২.৩ ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প… … … … … … … … … … … … … … … … … … … … … … ….. | ২৮-২৯ |
| ৫.০ ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং..................................................................... | ৩০ |
| ৫.১ ন্যাশনাল একাউন্টিং উইং এর প্রকাশনাসমূহ..................................................... | ৩১-৩২ |
| ৫.২ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল............................. | ৩৩-৩৪ |
| ৬.০ সেন্সাস উইং.................................................................................... | ৩৫ |
| ৬.১ সেন্সাস উইং-এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের চলমান প্রকল্পসমূহের বিবরণ................. | ৩৫ |
| ৬.১.১ ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প............................................ | ৩৫-৩৭ |

পৃষ্ঠা নং


৬.১.২ অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প............................................................ ৩৮-৩৯
৬.১.৩ বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প................ ৪০
৬.১.৪ বাংলাদেশের পূর্বতন ছিটমহলের অধিবাসী শুমারি ২০১৭ প্রকল্প................................ ৪১
৭.০ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং.................................................................. ৪২
৭.১ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং-এর সম্পাদিত কার্যাবলি ... ... ... ... ... ... ... ... ... ... ৪৩
৭.২ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং-এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের চলমান প্রকল্পসমূহের বিবরণ.......................................................................................... ৪৪
৭.২.১ মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) প্রকল্প ৪৪
৮.০ ফিন্যান্স অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এফএ অ্যান্ড এমআইএস) ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ৪৫
৮.১ এফএ অ্যান্ড এমআইএস এর প্রধান কাজসমূহ...................................................... ৪৬
৮.১.১ এফএ অ্যান্ড এমআইএস-এর শাখা ভিত্তিক কার্যাবলি............................................ ৪৬-৪৯
৮.২ ভবিষ্যৎ পরিকল্পনার উল্লেখযোগ্য দিক............................................................ ৫০
৯.০ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং.................................................................. ৫১
৯.১ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং এর কার্যাবলি..................................................... ৫১
৯.২ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর আওতায় ২০১৬-১৭ বছরের চলমান প্রকল্পসমূহের বিবরণ....... ৫১
৯.২.১ Improving of Labour Statistics and Labour Market Information System Through Panel Survey (LMIS Project)............................ ৫১
৯.২.২ উৎপাদন শিল্প জরিপ (SMI).................................................................. ৫১
১০.০ স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (এসএসটিআই) ... ... ... ... ... ... ... ... ... ৫২
১০.১ স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (এসএসটিআই)-এর প্রধান কার্যাবলি ... ... ... ... ৫২
১০.২ ২০১৬-১৭ অর্থবছরে এসএসটিআই কর্তৃক প্রশিক্ষণ প্রদান........................................ ৫২-৫৩
১১.১ প্রকাশনার তালিকা.................................................................................. ৫৪-৫৬
১১.২ বিবিএস এর প্রধান প্রধান প্রকাশনাসমূহ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ৫৭-৭৪
১১.৩ স্থানীয় প্রশিক্ষণ তথ্য............................................................................ ৭৫-৭৮
১১.৪ স্থানীয় প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য তথ্য.......................................................... ৭৯-৮০
১১.৫ বৈদেশিক প্রশিক্ষণ তথ্য......................................................................... ৮১-৯২
১১.৬ অফিসিয়াল পরিসংখ্যানের মৌলিক নীতিসমূহ (Fundamental Principles of Official Statistics)................................................................................ ৯৩-৯৪
১১.৭ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অর্গানোগ্রাম........................................... ৯৫
১১.৮ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭.............................................................. ৯৬-১০১
১১.৯ সচিত্র প্রতিবেদনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যক্রম.................................................................................... ১০২-১৪৪



**মন্ত্রী**
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

জনগণের নিকট সরকারের স্বচ্ছতা, জবাবদিহিতা এবং জনবান্ধব সরকার ব্যবস্থা নিশ্চিতকরণে প্রতিটি সরকারি প্রতিষ্ঠান/সংস্থা/বিভাগ/মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন অত্যন্ত মূল্যবান প্রকাশনা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সরকারের পরিকল্পনা প্রণয়নে তথ্য সরবরাহ এবং ব্যবস্থাপনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে। প্রতিবছরের ধারাবাহিকতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

সরকারের অঙ্গীকার "রূপকল্প-২০২১" বাস্তবায়নের লক্ষ্যে সময়াবদ্ধ পরিকল্পনা গ্রহণ এবং ২০৩০ সালের মধ্যে SDG এর লক্ষ্য অর্জন পরিবীক্ষণের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহের উদ্দেশ্যে বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্দেশ্যে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে পরিসংখ্যান সংগ্রহ সংকলন ও প্রকাশের ক্ষেত্রে আমাদের সরকার প্রণীত পরিসংখ্যান আইন, ২০১৩ এবং National Strategy for the Development of Statistics (NSDS) এক নতুন যুগের সূচনা করেছে।

জ্ঞানভিত্তিক ও বৈষম্যহীন আত্মনির্ভরশীল সমাজ গঠন এবং সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অক্লান্ত প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমি আশা করি। বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ প্রকাশনায় সংশ্লিষ্ট সকলকে তাঁদের কর্মপ্রয়াসের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

আ হ ম মুস্তফা কামাল, এফসিএ , এমপি



প্রতিমন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
ও
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

প্রতিটি প্রতিষ্ঠান/সংস্থার বার্ষিক প্রতিবেদন তার সার্বিক কর্মকান্ডের প্রতিচ্ছবি। পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ২০১৬-২০১৭ এর বার্ষিক প্রতিবেদন প্রকাশনার মাধ্যমে এ বিভাগ কর্তৃক সম্পাদিত কার্যাবলীর একটি সামগ্রিক ধারণা উপস্থাপনার প্রয়াস নিয়েছে। বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ এর প্রকাশনার উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের পরিসংখ্যান কার্যক্রমের কেন্দ্রবিন্দু। সাম্প্রতিককালে জাতীয় পরিসংখ্যান কর্তৃপক্ষ হিসেবে এ বিভাগ ও অধীনস্থ সংস্থা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বেশ কিছু গুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করেছে৷ তাই বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন এবং সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ও টেকসই উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে পরিসংখ্যান কর্তৃপক্ষের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে জাতীয়, আঞ্চলিক ও ক্ষুদ্র এলাকাভিত্তিক তথ্য প্রকাশের মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদানে ও জাতীয় অগ্রগতি মূল্যায়নে পরিসংখ্যান কর্তৃপক্ষ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর মাধ্যমে জেলা গেজিটিয়ার প্রণয়ন কর্মসূচির মাধ্যমে ৭টি জেলার জেলা গেজেটিয়ার প্রণয়ন করা হয়েছে। সরকারের অঙ্গীকার "রূপকল্প-২০২১" বাস্তবায়নের লক্ষ্যে এবং ২০৩০ সালের মধ্যে এসডিজি (SDG) এর লক্ষ্য অর্জনে সময়াবদ্ধ (Time Bound) পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

আমার বিশ্বাস এ বার্ষিক প্রতিবেদনে উপস্থাপিত তথ্য উপাত্ত গবেষক ও আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট গুরুত্বপূর্ণ উৎস/তৎনির্দেশক হিসেবে উপস্থাপিত হবে।

বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ এর প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

এম. এ. মান্নান, এমপি



সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মুখবন্ধ

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ২০১৬-১৭ এর বার্ষিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে এ বিভাগ কর্তৃক সম্পাদিত কার্যাবলীর একটি সামগ্রিক ধারণা প্রদানের প্রয়াস নিয়েছে। এ বিভাগের কার্যক্রমের স্বচ্ছতা এবং জবাবদিহিতার প্রতিফলন ঘটানোও বার্ষিক প্রতিবেদন প্রকাশের অন্যতম উদ্দেশ্য। সাম্প্রতিককালে এ বিভাগ ও এর অধীনস্থ সংস্থা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বেশ কিছু গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করেছে। যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে জিডিপির ভিত্তি বছর পরিবর্তন, ভোক্তার মূল্যসূচকের (CPI) ভিত্তি বছর পরিবর্তন ও National Strategy for the Development of Statistics (NSDS) প্রণয়ন, পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন, জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট দুর্যোগপ্রবণ এলাকা চিহ্নিতকরণ ও ক্ষয়ক্ষতি নিরূপণের উদ্দেশ্যে জনজীবনে জলবায়ু পরিবর্তনের প্রভাব কর্মসূচির মত একটি গুরুত্বপূর্ণ জরিপ কার্যক্রমও গ্রহণ করে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দেশের পরিসংখ্যান কার্যক্রমের কেন্দ্রবিন্দু। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে জাতীয়, আঞ্চলিক ও ক্ষুদ্র এলাকাভিত্তিক তথ্য প্রকাশের মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান ও জাতীয় অগ্রগতি মূল্যায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান (NSO) হিসেবে বিবিএস এর রয়েছে একটি গৌরবোজ্জ্বল ঐতিহ্য। মহান স্বাধীনতা যুদ্ধের মাধ্যমে বিজয় অর্জনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুদ্ধবিধ্বস্ত দেশে বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক কাঠামো প্রতিষ্ঠার জন্য ত্বরিত উদ্যোগ নেন, তারই ধারাবাহিকতায় পরিসংখ্যান কার্যক্রমে নিয়োজিত কয়েকটি পৃথক প্রতিষ্ঠানকে একীভূত ও সুসমন্বিত করে তিঁনি বিবিএস প্রতিষ্ঠা করেছিলেন।

উল্লেখ্য, বর্তমান বিশ্বে সরকারি ও বেসরকারি পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়নের ক্ষেত্রে পরিসংখ্যানের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০০০ সালে গৃহীত 'সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা' (Millennium Development Goals-MDG) এর বিভিন্ন সূচক পরিসংখ্যানের উপর ভিত্তি করে চূড়ান্ত করা হয়। MDG এর অগ্রগতি মূল্যায়নে পরিসংখ্যান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ প্রেক্ষিতে জাতিসংঘের পক্ষ থেকে MDG পরবর্তী টেকসই উন্নয়ন কর্মসূচিতেও (Sustainable Development Goals-SDG) পরিসংখ্যানকে যথাযথ গুরুত্ব প্রদানসহ এ লক্ষ্যে একটি 'নতুন তথ্য বিপ্লব' (New Data Revolution) সৃষ্টির আহ্বান জানানো হয়েছে। এ বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তাদের কর্মপ্রয়াস অব্যাহত রেখেছে।

বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭-এর প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

কে এম মোজাম্মেল হক



অতিরিক্ত সচিব (উন্নয়ন)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সম্পাদকীয়

পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়। ২০১৬-১৭ অর্থ বছরে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান বুরোর সম্পাদিত নানাবিধ কার্যক্রম এই প্রতিবেদনে উপস্থাপিত হয়েছে।

স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পরিকল্পনা প্রণয়নে পরিসংখ্যানের অপরিসীম গুরুত্বের কথা ভেবে প্রতিষ্ঠা করেছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। পরিসংখ্যান আইন ২০১৩ এর আলোকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা-প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সঙ্গে সঠিক ও নির্ভুল পরিসংখ্যান সরবরাহের নির্ভরযোগ্য সংস্থা হিসেবে কাজ করছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্দেশ্যে বর্তমান সরকারের অঙ্গীকার রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্য, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন এবং এসডিজি এর লক্ষ্য অর্জনে সময়াবদ্ধ পরিকল্পনা গ্রহণ করে প্রয়োজনীয় তথ্য সরবরাহের উদ্দেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বিভিন্ন সময়ে গুরুত্বপূর্ণ শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রতিবেদনটি প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা, বাজেট বরাদ্দ, চলমান ১০টি প্রকল্পের হালনাগাদ তথ্য, উল্লেখযোগ্য অর্জন ও প্রকাশনা, কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তথ্য, এসডিজি অর্জনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মপরিকল্পনা, জেলা গেজেটিয়ার প্রণয়নে গৃহীত কার্যক্রম, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সংস্থার সাথে সম্পাদিত সমঝোতা স্মারকের বিবরণ, ই-গভর্ন্যান্স সংক্রান্ত কার্যাবলিসহ এর আওতাধীন একমাত্র সংস্থা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর কার্যক্রম ও অন্যান্য তথ্যাদি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রতিবেদনটি তথ্যবহুল করতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব মহোদয়, সকল অনুবিভাগ প্রধান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছেন। প্রতিবেদনটি প্রস্তুত ও প্রকাশে প্রয়োজনীয় দিকনির্দেশনা এবং মূল্যবান পরামর্শ প্রদানের জন্য আমি তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। প্রতিবেদনটি তথ্যসমৃদ্ধ ও ত্রুটিমুক্ত করতে প্রতিবেদন প্রস্তুত কমিটির সম্মানিত সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের আন্তরিক প্রয়াসের জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। এ প্রতিবেদনে প্রকাশিত যে কোন বিষয়ে মতামত/পরামর্শ প্রদানের জন্য সকলকে অনুরোধ করছি।

সঠিক ও হালনাগাদ ডাটা ব্যবহার সরকারের উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে এবং এর ধারাবাহিকতায় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রতিবেদনটিতে প্রদত্ত তথ্য-উপাত্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সহায়ক হলে আমাদের প্রচেষ্টা সার্থক হবে।

মাহমুদা আকতার

# Abbreviation

| | |
|---|---|
| A2i | Access to Information |
| BARI | Bangladesh Agriculture Research Institute |
| BBS | Bangladesh Bureau of Statistics |
| BCPC | Bangladesh Central Product Classification |
| BFDES | Bangladesh Framework for Development of Environment Statistics |
| BIDS | Bangladesh Institute of Development Studies |
| BMPI | Building Material Price Index |
| BRAC | Bangladesh Rural Advancement Committee |
| BSCO | Bangladesh Standard Classification of Occupation |
| CEGIS | Centre for Environmental and Geographic Information Service |
| CPI | Consumer Price Index |
| DAE | Department of Agriculture Extension |
| DHS | Demography and Health Survey |
| EU | European Union |
| FAO | Food and Agricultural Organisation |
| GDP | Gross Domestic Product |
| GIS | Geographic Information System |
| HIES | Household Income and Expenditure Survey |
| HRI | House Rent Index |
| ICDDR,B | International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh |
| ICR | Intelligent Character Recognition |
| IMR | Infant Mortality Rate |
| IMPS | Integrated Multi-Purpose Sample |
| IRRI | International Rice Research Institute |
| ISRT | Institute of Statistical Research and Training |
| KOICA | Korea International Co-operation Agency |
| MDG | Millennium Development Goals |
| MDS | Masters of Development Studies |
| MICS | Multiple Indicator Cluster Survey |
| MMR | Maternal Mortality Rate |
| MoU | Memorandum of Understanding |
| MPH | Masters in Public Health |
| MSVSB | Monitoring the Situation of Vital Statistics of Bangladesh |
| NPR | National Population Register |
| NSDS | National Strategy for the Development of Statistics |
| PEC | Post Enumeration Check |
| PPI | Producer Price Index |
| PPP | Purchasing Power Parity |
| PPRC | Power and Participation Research Centre |
| PSU | Primary Sampling Unit |
| QIIP | Quantum Index of Industrial Production |
| SAARC | South Asian Association for Regional Co-operation |
| SAARCSTAT | South Asian Association for Regional Co-operation Group on Statistics |
| SEEA | System of Environmental Economic Accounts |
| SESRIC | Statistcal, Economic and Social Research and Training Centre for Islamic Countries |

| | |
|---|---|
| SIAP | Statistical Institute for Asia and the Pacific |
| SID | Statistics and Informatics Division |
| SNA | System of National Accounts |
| SPARRSO | Space Research and Remote Sensing Organisation |
| SSNP | Social Safety Net Programme |
| STATA | Statistical Analysis |
| TFR | Total Fertility Rate |
| UISC | Union Information Service Centre |
| UNESCAP | United Nations Economic and Social Commission for Asia and the Pacific |
| UNESCO | United Nations Educational Scientific and Cultural Organisation |
| UNFDES | United Nations Framework for the Development of Environment Statistics |
| UNFPA | United Nations Population Fund |
| UNICEF | United Nations Children's Fund |
| UNSC | United Nations Statistical Commission |
| $U_5$MR | Under Five Mortality Rate |
| VAW | Violence Against Women |
| WRI | Wage Rate Index |
| NHD | National Household Database |
| SDG | Sustainable Development Goals |
| ICCHL | Impact of Climate Change on Human Life |
| TVET | Technical and Vocational Education and Training |
| SSTI | Statistical Staff Training Institute |
| JICA | Japan International Cooperation Agency |

## ১.০ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে যে কোন প্রকল্প প্রণয়নের প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত তথ্য উপাত্ত পর্যালোচনা একটি আবশ্যকীয় পূর্বশর্ত। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ শেষে যুদ্ধ বিধ্বস্ত দেশের পুনর্বাসনে ব্যাপক আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প গ্রহণের আবশ্যকতা দেখা দেয়। সদ্য স্বাধীনতাপ্রাপ্ত দেশে তখন নির্ভরযোগ্য কোন প্রাতিষ্ঠানিক তথ্য প্রবাহের ব্যবস্থা না থাকায় সে সময় পরিকল্পনা প্রণেতাদের বেগ পেতে হয় এবং ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নেও নির্ভরযোগ্য তথ্য পরিসংখ্যান অপরিহার্য হয়ে পড়ে। বিষয়টি অনুধাবন করতে পেরে দেশের তৎকালীন প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান P.O '৭২ এর অধীনে পূর্ববর্তী প্রাদেশিক সরকারের পরিসংখ্যান ব্যুরো ও কৃষি পরিসংখ্যান ব্যুরো এবং কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অফিস, পপুলেশন সেন্সাস অরগানাইজেশন ও এগ্রিকালচার সেন্সাস কমিশনকে সমন্বিত করে ১৯৭৪ সালে প্রতিষ্ঠা করেছিলেন "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো" (Bangladesh Bureau of Statistics), সংক্ষেপে BBS. অতঃপর এ ব্যুরোর প্রাতিষ্ঠানিক কাঠামো সুসম্পন্ন করার লক্ষ্যে বঙ্গবন্ধুর সরকার ১৯৭৫ সালে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন একটি বিভাগ হিসেবে প্রতিষ্ঠা করেছিলেন পরিসংখ্যান বিভাগ (Statistics Division)। ২০০২ সালে পরিসংখ্যান বিভাগকে পরিকল্পনা মন্ত্রণালয়ের একটি উইং-এ রূপান্তর করা হয়। ২০০৮ সালের সাধারণ নির্বাচনে সরকার গঠন করে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতার আদর্শ সমুন্নত রাখার লক্ষ্যে ২০১০ সালে পুনরায় পরিসংখ্যান বিভাগ (Statistics Division) সৃজন করে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে পরিসংখ্যানের অপরিহার্যতাকে আবারো সামনে নিয়ে আসেন। অতঃপর পরিসংখ্যান ব্যবস্থা (Statistical System) কে আরো সুসংহত ও গণমুখি করার লক্ষ্যে ২০১৩ সালের ১২ নং আইনের মাধ্যমে প্রতিষ্ঠা করা হয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (Statistics and Informatics Division-SID)।

## ১.১ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কার্যাবলি

Allocation of Business among different Ministries/Divisions অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

(১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয়;

(২) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি প্রণয়ন এবং সংশোধন ;

(৩) অন্যান্য সরকারি সংস্থার সাথে যুগপৎভাবে কেন্দ্রীয় ভান্ডার হিসেবে জাতীয় জনসংখ্যা রেজিস্টার তৈরি, সংরক্ষণ ও সংশোধন;

(৪) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register-NPR) প্রণয়ন;

(৫) বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় জনসংখ্যা রেজিস্টার ভিত্তিক সেবা নিরাপদভাবে প্রদান এবং যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;

(৬) সরকারি পর্যায়ে তথ্য কাঠামো উন্নয়ন ও সংরক্ষণ এবং এ বিষয়ে প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিতে সহায়তাকরণ;

(৭) কেন্দ্রীয় জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) প্লাটফর্ম উন্নয়ন ও সংরক্ষণ;

(৮) অন্যান্য সংস্থার জিআইএসকে কেন্দ্রীয় জিআইএস প্লাটফর্ম-এ সমন্বিতকরণের জন্য সহায়তা প্রদান;

(৯) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশল (NSDS) প্রস্তুত ও হালনাগাদকরণ;

(১০) জনসংখ্যা ও গৃহগণনা, কৃষি ও অর্থনৈতিক কর্মকান্ডের উপর পর্যায়ক্রমিক শুমারি কর্মকান্ড পরিচালনা;

(১১) আর্থ-সামাজিক, ডেমোগ্রাফিক ও অন্যান্য বিষয়ে জরিপ অনুষ্ঠান;

(১২) জন্ম-মৃত্যু, কৃষি, উৎপাদন, শিল্প, বৈদেশিক বাণিজ্য এবং অন্যান্য আর্থ-সামাজিক কর্মকান্ডের উপর সরকারি (Official) পরিসংখ্যান প্রস্তুত ও সংরক্ষণ;

(১৩) জাতীয় হিসাব ও মূল্য সংক্রান্ত পরিসংখ্যান প্রক্রিয়াকরণ ও প্রচার;

(১৪) সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রক্রিয়াকরণ ও প্রচার;

(১৫) আন্তর্জাতিক প্রমিত পদ্ধতির আলোকে দেশের অভ্যন্তরীণ প্রয়োজন এবং জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নিমিত্ত প্রয়োজনীয় পরিসংখ্যান পদ্ধতির বিষয়ে সমন্বয়;

(১৬) বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে পরিসংখ্যানের দ্বৈততা পরিহার নিশ্চিতকরণ;

(১৭) জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার ব্যবহারের জন্য সরকারি প্রতিষ্ঠান কর্তৃক সংগৃহীত পরিসংখ্যান সত্যায়ন;

(১৮) ইলেক্ট্রনিক তথ্য প্রক্রিয়াকরণ পদ্ধতি সংগঠিতকরণ ও প্রতিষ্ঠা এবং ডিজিটাল আর্কাইভ সংরক্ষণ;
(১৯) এই বিভাগের উপর ন্যস্ত পরিসংখ্যান সংক্রান্ত যে কোন বিষয়ে অনুসন্ধান;
(২০) এই বিভাগের উপর ন্যস্ত বিষয়সমূহের উপর পরামর্শ সেবা প্রদান;
(২১) বিবিএস এর ক্যাডার ও নন্-ক্যাডার কর্মকর্তাদের প্রশাসন;
(২২) এই বিভাগ সম্পর্কিত সাচিবিক ও আর্থিক প্রশাসন পরিচালনা;
(২৩) এই বিভাগের আওতাধীন অধঃস্তন অফিস ও প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা;
(২৪) এই বিভাগের আওতাধীন প্রকল্প ও কর্মসূচিসমূহ বাস্তবায়ন;
(২৫) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ ও গবেষণা;
(২৬) এই বিভাগের উপর ন্যস্ত বিষয়ে আন্তর্জাতিক সংস্থা, অন্যান্য দেশ ও বিশ্বসংস্থাসমূহের সাথে সমঝোতা ও চুক্তি সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন;
(২৭) এই বিভাগের উপর ন্যস্ত সংশ্লিষ্ট সকল আইনসমূহের নির্দেশনা বাস্তবায়ন;
(২৮) আদালতে গ্রহণকৃত ফি ব্যতিত এই বিভাগের উপর ন্যস্ত যে কোন বিষয়ের উপর ফি নির্ধারণ ও সংগ্রহ এবং
(২৯) সরকার কর্তৃক প্রদত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য দায়িত্বাবলি।

## ১.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জনবল

| পর্যায় | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | মোট |
|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ২৫ | ১৯ | ২৫ | ২৭ | ৯৬ |
| কর্মরত | ১৮ | ১২ | ১৮ | ২৩ | ৭১ |

## ১.৩ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাম্প্রতিক অর্জন

### ১.৩.১ পরিসংখ্যান বিভাগ পুনঃপ্রতিষ্ঠা

আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের পরিসংখ্যান কার্যক্রমের অবস্থান সুনিশ্চিত করার এবং অভ্যন্তরীণ ক্ষেত্রে পরিসংখ্যানের গুরুত্বকে উপলব্ধি করে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতার মতাদর্শ পুনঃধারণ করার লক্ষ্যে ইতোপূর্বে ২০০২ সালে বিলুপ্ত পরিসংখ্যান বিভাগকে পুনরায় ২০১০ সালে 'পরিসংখ্যান বিভাগ' নামে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন একটি আলাদা বিভাগ হিসেবে সৃজন করেন। ফলে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে পরিসংখ্যানের অপরিহার্যতা পুনরায় স্বীকৃত হয়। স্মরণ করা যায় যে, প্রথম মেয়াদে (১৯৯৬-২০০১) ক্ষমতায় থাকাকালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিসংখ্যান ব্যবস্থার উন্নতির জন্য অনেকগুলো গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেন, যার মধ্যে পরিসংখ্যানের জন্য বহুতল বিশিষ্ট একটি সুদৃশ্য ভবন নির্মাণ অন্যতম। ২০১২ সালে পরিসংখ্যান ব্যবস্থাকে আরো সুসংহত ও গণমুখি করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ কার্যাবলির দায়িত্ব দিয়ে তিনি বিস্তৃত পরিসরে প্রতিষ্ঠা করেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (Statistics and Informatics Division), যা ইতোমধ্যে SID নামে পরিচিতি লাভ করেছে। পুনঃপ্রতিষ্ঠার পর থেকে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে পরিসংখ্যান ব্যবস্থাকে উত্তরোত্তর শক্তিশালী করার জন্য এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে সংশ্লিষ্ট সকলের প্রশংসা অর্জন করেছে।

### ১.৩.২ বিভাগ সম্প্রসারণ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পুনর্গঠন

পরিসংখ্যান ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদিচ্ছার আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে সম্প্রসারিত করে একটি উইং এর পরিবর্তে প্রশাসন, উন্নয়ন ও তথ্য ব্যবস্থাপনা নামে ৩টি আলাদা উইং এবং বেশ কিছু নতুন অবকাঠামো সৃজন করা হয়েছে। অতিরিক্ত সচিবের ১টি, যুগ্ম-সচিবের ১টি, উপ-সচিবের ২টি এবং শাখা পর্যায়ে ৪টিসহ মোট ৩৪টি নতুন পদ সৃজন করা হয়েছে। পরিসংখ্যান আইন, ২০১৩ এর বিধান অনুসারে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করে জনবলের সংখ্যা বাড়ানো হয়েছে এবং সকল বিভাগ ও জেলায় অফিস স্থাপনের ব্যবস্থা নেয়া হয়েছে। জনবলের সংখ্যা আরো বৃদ্ধি করে দ্বিতীয় পর্যায়ের অর্গানোগ্রাম পুনর্গঠনের কাজ অব্যাহত আছে। উপজেলা পর্যায়ে দ্বিতীয় শ্রেণির পদ বিলুপ্ত করে ৪৬৭ টি প্রথম শ্রেণির পদ সৃজন করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও মধ্যমেয়াদি বাজেট এর

আওতায় গুরুত্বপূর্ণ জরিপ, সমীক্ষা ও অবকাঠামো উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এতে পরিসংখ্যান ব্যুরোর তথ্যভান্ডার সমৃদ্ধ হবে এবং তথ্য ব্যবহারকারীরা হালনাগাদ তথ্য পাবেন।

### ১.৩.৩ Open Government Data (OGD) Catalog তৈরি

সরকারের সকল তথ্য একই প্লাটফর্মে নিয়ে আসার জন্য www.data.gov.bd নামক একটি ওয়েব পোর্টাল তৈরি করা হয়েছে। এই পোর্টালে বিভিন্ন মন্ত্রণালয়ের তথ্য আপলোড করা হবে। এ জন্য একটি Data Catalog তৈরির কাজ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তথ্য ব্যবস্থাপনা উইং এবং a2i এর যৌথ উদ্যোগে UNDESA এর আর্থিক সহযোগিতায় বাস্তবায়ন করা হয়েছে।

### ১.৩.৪ Open Government Data Strategy (OGDS)-2016

কৌশলপত্রের রূপকল্প (Data for all) বাস্তবায়নের অভিলক্ষ্য প্রস্তুত করা হয়েছে। প্রচলিত তথ্য ব্যবস্থাপনার পরিবর্তে উদ্ভাবনী পন্থায় সরকারি তথ্য উন্মুক্তকরণ নীতিমালা তৈরি, জাতীয় অর্থনৈতিক উন্নয়নে দক্ষতার সাথে জনসেবা নিশ্চিতকরণ, জনগণের অংশগ্রহণের মাধ্যমে জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। Open Government Data (OGD) বাস্তবায়নের ফলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি, GDP প্রবৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক ভূমিকা রাখছে। তাছাড়া বেসরকারি, ব্যক্তিখাত, এনজিওসহ অন্যান্য প্রতিষ্ঠানও উপকৃত হচ্ছে। এতে করে জনগণের সম্পদের সুষ্ঠু ব্যবহার সুনিশ্চিতকরণসহ দ্বৈততা পরিহার সম্ভব হচ্ছে।

উন্মুক্ত ডাটা নীতিমালার প্রতি লক্ষ্য রেখে ডাটা স্বয়ংসম্পূর্ণকরণ, উৎস থেকে সঠিক সময়ে ডাটা সংগ্রহকরণ, ডাটা ব্যবহারকারীদের প্রবেশাধিকার নিশ্চিতকরণ, জনগণ যাতে এসব ডাটা সহজে পেতে পারে তার ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ডাটা পক্ষপাতহীন ও মালিকানা বহির্ভূতকরণে ব্যবস্থা গৃহীত হয়েছে। OGD ডাটায় মৌলিক মানদন্ড নির্ধারণে National Enterprise Architecture (NEA) এর সাথে সামঞ্জস্যপূর্ণকরণ এবং প্রাথমিকভাবে OGD প্লাটফর্ম Structured Data নিয়ে কাজ করছে। বাংলাদেশ সরকার কিভাবে প্রচলিত এবং পরিবর্তিত পদ্ধতিতে ডাটা সংরক্ষণ করবে, উন্মুক্ত ডাটা কোন কোন সংস্থা কিভাবে প্রকাশ ও বিতরণ করবে তার অবস্থা ও অবস্থান নির্ধারণসহ জনগণের চাহিদা নিরূপণ প্রদ্ধতি এ কৌশলপত্রে বর্ণনা করা হয়েছে। ডাটা ব্যবস্থাপনার সাথে যে সমস্ত কর্মী জড়িত হবেন/হচ্ছেন তাদের সচেতনতা বৃদ্ধিতে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন- ফেইসবুক, টুইটার ইত্যাদি Open Data Community গঠনে ভূমিকা পালন করতে পারে বিধায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কৌশলপত্রে উল্লেখ করা হয়েছে। এ কাজের জন্য একটি Open Data Portal তৈরি করা হয়েছে। সেক্ষেত্রে সকল ডাটা সংরক্ষিত থাকবে এবং ব্যবহারকারীদের প্রশ্ন এবং জিজ্ঞাসার জবাব দেওয়া যাবে। এছাড়াও বর্তমানে অংশীজন এবং নতুন আগ্রহী গ্রুপের চাহিদা জানার জন্য তাদের সাথে যোগাযোগ স্থাপন করা হবে। OGD পোর্টালে সন্নিবেশিতব্য বিষয়াদি দেশের প্রচলিত আইন এবং সামাজিক প্রেক্ষাপট বিবেচনা করে নির্বাচন করা হবে। OGD কার্যক্রম পরিচালনার জন্য একটি ওয়ার্কিং গ্রুপ এবং একটি নির্বাহী কমিটির কথা বলা হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।

### ১.৩.৫ Sustainable Development Goals (SDGs) বাস্তবায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ভূমিকা এবং গৃহীত কর্ম-পরিকল্পনা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো SDG পরিবীক্ষণের লক্ষ্যে ২০১৬ সালের এপ্রিল মাসে SDG'র Target সমূহের ওপর ভিত্তি করে Setting Priorities for Data Support to 7th FYP and SDG's: An Overview শীর্ষক একটি প্রতিবেদন প্রকাশ করে। SDG পরিবীক্ষণের প্রধান চ্যালেঞ্জ হলো সংশ্লিষ্ট লক্ষ্যের অধীন সূচকসমূহ অর্জন অগ্রগতি নিরূপণে স্বল্প সময় অন্তর অন্তর (Frequently) এবং পূর্ণবিভাজনসহ (Disaggregated) উপাত্ত প্রস্তুত ও প্রকাশ করা। SDG'র মূল প্রতিপাদ্য হচ্ছে Leave no one behind বা কাউকে বঞ্চিত করে নয়। এ প্রতিপাদ্যকে বাস্তবে রূপদান করতে এসডিজি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে যথাসম্ভব ক্ষুদ্র প্রশাসনিক এলাকা, আয়, লিঙ্গ, বয়স, জাতিসত্ত্বা, নৃতাত্ত্বিক জনগোষ্ঠী, কর্মস্থানের অবস্থা, অভিবাসন, প্রতিবন্ধী, ধর্ম ইত্যাদি ভেদে তথ্য-উপাত্তের প্রাক্কলন অত্যাবশ্যকীয়।

প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহের জন্য বিদ্যমান শুমারি ও জরিপ হতে Data Mining এবং Data Generating উভয় বিষয়কে অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। পাশাপাশি আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে গুণগতমান নিশ্চিতপূর্বক Secondary উৎস যেমন: প্রশাসনিক উপাত্ত হতেও পরিসংখ্যান প্রণয়ন বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এসডিজির ২৩২টি সূচক পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনাপূর্বক বিদ্যমান তথ্যসূত্র, বর্তমান অবস্থা, তথ্য-উপাত্ত প্রণয়ন সংশ্লিষ্ট কার্যক্রম, বিদ্যমান উপাত্তের বিভাজন অবস্থা, গৃহীতব্য কার্যক্রম এবং এ সংশ্লিষ্ট বিস্তারিত সুপারিশ প্রণয়ন করছে। প্রতিটি সূচকের বিপরীতে তথ্য প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং

সেকেন্ডারি তথ্য সংগ্রহকারীদের ম্যাপিং করে কার্যক্রম চিহ্নিত করে সমন্বিত পরিবীক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যেই মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক সকল তথ্য-উপাত্ত প্রদানকারী মন্ত্রণালয়ের সমন্বয়ের জন্য সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে তথ্য-উপাত্ত প্রদানকারী মোট সকল মন্ত্রণালয় ও তার অধীনস্থ সংস্থার সাথে ৪টি সভা করা হয়েছে। এসব সভায় সূচকভিত্তিক বিস্তারিত পর্যালোচনা ও এর পরিসংখ্যানিক ব্যাখ্যা বিশ্লেষণ করে তথ্য উপাত্ত প্রস্তুতের নির্দেশনা প্রদান করেছে। তথ্য-উপাত্ত প্রদানে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সাথে অগ্রগতি পর্যালোচনার জন্য নিয়মিত সভা করা হবে। তথ্য-উপাত্ত প্রদানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অন্যান্য তথ্য-উপাত্ত প্রস্তুতকারী সংস্থাকে কারিগরী সহযোগিতা প্রদান করছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্মসূচির আওতায় অত্যন্ত কার্যকরী SDG Tracker প্রস্তুত করা হয়েছে। যাতে বিভিন্ন তথ্য-উপাত্ত প্রদানকারী সংস্থাসমূহ সরাসরি তথ্য প্রদান করতে পারে। প্রদানকৃত তথ্য উপাত্ত জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস Authentication-এর কাজ করবে।

**গৃহীত কর্ম-পরিকল্পনা:**

- SDGs বাস্তবায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর কার্যক্রমসমূহ চিন্হিতকরণ;
- SDGs অর্জন অগ্রগতি পরিবীক্ষণ ও সহজীকরণে উদ্ভাবনমূলক কর্মকান্ড চিহ্নিতকরণ এবং তা বাস্তবায়নে কর্মপরিকল্পনা নির্ধারণ;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের চলমান কার্যক্রমসমূহের সাথে SDGs এর টার্গেট ও ইন্ডিকেটরসমূহ বিন্যাস ও সামঞ্জস্যকরণ;
- SDGs বিষয়ে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক অংশিজনদের সাথে যোগাযোগ রক্ষা এবং কর্মকান্ড পরিচালনা ও সমন্বয়করণ;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি ও জরিপে SDGs Indicators সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুতের জন্য প্রশ্নপত্র পর্যালোচনা ও পরিমার্জন এবং রিপোর্ট সমূহে সংশ্লিষ্ট Indicators সংক্রান্ত ফলাফল অন্তর্ভূক্তি নিশ্চিতকরণ;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত SDGs Indicators সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়নে কারিগরি পরামর্শ ও নির্দেশনা প্রদান;
- SDGs সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি ও এ সংক্রান্ত অন্যান্য কমিটির নিকট উপস্থাপনের পূর্বে SDGs Indicators বিষয়ক তথ্য-উপাত্ত Validation and Authentication সংক্রান্ত কার্যক্রম পরিচালনা এবং
- SDGs অর্জনের অগ্রগতি পরিবীক্ষণে জাতিসংঘ কর্তৃক নির্ধারিত নির্দেশনার আলোকে পরিসংখ্যান প্রস্তুতে সংশ্লিষ্ট পরিসংখ্যান সরবরাহকারীর জন্য দেশের প্রেক্ষিত বিবেচনায় সংজ্ঞা, পদ্ধতি ও গাইড লাইন প্রণয়ন, প্রকাশ ও সমন্বয়সাধন।

শুমারি ও জরিপের পাশাপাশি আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবনী কৌশল ব্যবহার করেও পরিসংখ্যান প্রণয়নের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে Big Data, Internet of Things and Artificial Intelligence. জাতিসংঘ কর্তৃক সুপরিশকৃত এসডিজি রিপোর্টিং ও উপাত্ত সরবরাহে জাতীয় পরিসংখ্যান সংস্থাকে কেন্দ্রীয় অবস্থানে রাখা হয়েছে। এক্ষেত্রে জাতীয় পরিসংখ্যান সংস্থার ভূমিকা হচ্ছে এর আওতাধীন পরিসংখ্যান প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তথ্য উপাত্ত সরবরাহপূর্বক সুশীল সমাজ, প্রাইভেট সেক্টর এবং একাডেমিশিয়ানদের অংশগ্রহণ নিশ্চিতপূর্বক UNSD এর Country Data Lab এবং আঞ্চলিক প্রতিষ্ঠানসমূহের তথ্য উপাত্ত সরবরাহ করা। SDG সংক্রান্ত সার্বিক কার্যক্রম সম্পাদনে অংশীদারিত্ব একটি গুরুত্বপূর্ণ বিষয়। এ লক্ষ্যে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। মন্ত্রপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) এর আওতাধীন কার্যক্রমসমূহ SDG এর লক্ষ্যমাত্রার সাথে সংগতি সাধনের জন্য এর মেয়াদ বৃদ্ধি ও নতুন নতুন কার্যক্রম অন্তর্ভুক্তিপূর্বক NSDS হালানাগাদ করা জরুরি। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ লক্ষ্যে কার্যক্রম গ্রহণের উদ্যোগ নিয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্মসূচির আওতায় উন্নয়কৃত SDG Tracker সিস্টেমে বিবিএস-এর পক্ষ থেকে অন্যান্য সংস্থা কর্তৃক সরবরাহকৃত ডাটা Authenticate কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

জাতিসংঘ কর্তৃক সুপরিশকৃত এসডিজি রিপোর্টিং ও উপাত্ত সরবরাহে জাতীয় পরিসংখ্যান সংস্থাকে কেন্দ্রীয় অবস্থানে রাখা হয়েছে। এক্ষেত্রে জাতীয় পরিসংখ্যান সংস্থার ভূমিকা হচ্ছে এর আওতাধীন পরিসংখ্যান প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তথ্য উপাত্ত সরবরাহপূর্বক সুশীল সমাজ, প্রাইভেট সেক্টর এবং একাডেমিশিয়ানদের অংশগ্রহণ নিশ্চিতপূর্বক UNSD এর Country Data Lab এবং আঞ্চলিক প্রতিষ্ঠানসমূহের তথ্য উপাত্ত সরবরাহ করা।

### ১.৩.৬ ই-ফাইলিং কার্যক্রম মনিটরিং

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ২০১৪ সালের ২৮ আগস্ট প্রথম নেসের (Ness) কার্যক্রম শুরু করে। এর ফলে বর্তমানে ই-ফাইলিং পদ্ধতিতে এ বিভাগ সাফল্যের সাথে কার্যক্রম সম্পাদন করছে। ই-ফাইলিং পদ্ধতিতে কার্য সম্পাদনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশের অন্যান্য সকল মন্ত্রণালয়/বিভাগগুলোর মধ্যে তুলনামূলকভাবে অনেক ভাল অবস্থানে রয়েছে। ই-ফাইলিং বাস্তবায়নের অংশ হিসেবে সর্বপ্রথম এ বিভাগের তথ্য ব্যবস্থাপনা উইং-কে পেপার শূণ্য উইং হিসেবে ঘোষণা করা হয়। বর্তমানে তথ্য ব্যবস্থাপনা উইং-এর সকল নথি অনলাইনের মাধ্যমে উপস্থাপনসহ কার্যক্রম নিষ্পত্তি করা হচ্ছে।

### ১.৩.৭ SMS- Push/Pull- এর মাধ্যমে BBS এর গুরুত্বপূর্ণ তথ্য জনগণকে অবহিত করা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে নিয়মিতভাবে প্রকাশিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য সাধারণ জনগণকে মোবাইল এসএমএস এর মাধ্যমে অবগত করা হয়ে থাকে। রূপকল্প ২০২১ অনুসারে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বর্তমান সরকার স্বল্প সময়ে এবং বিনা ভোগান্তিতে জনগণের দোরগোড়ায় সরকারি সেবা পৌছে দেয়ার নিমিত্ত বিভিন্ন ই-সার্ভিস বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। দাপ্তরিক ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে নথি ব্যবস্থাপনা করা, ডিজিটাল ম্যাপিং, ই-কেয়ার, ই-পুজি এবং জাতীয় তথ্য বাতায়ন প্রকাশ করা হচ্ছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নেতৃত্বে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের জন্য বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহারকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। ইতোমধ্যে অনেক শুমারি ও জরিপ Computer Assisted Personal Interview (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহের কাজ শুরু করা হয়েছে। তাছাড়া বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নিয়মিতভাবে অনেক প্রতিবেদন প্রকাশ করে থাকে যেমন-ভোক্তা মূল্য সূচক (সিপিআই), মাথা পিছু আয়, মোট দেশীয় উৎপাদন (জিএনপি), বর্তমান মোট জনসংখ্যা (এস্টিমেটেড) সহ আরো অনেক গুরুত্বপূর্ণ তথ্য। SMS-Push/Pull দ্বারা মোবাইল ফোনের এসএমএস এর মাধ্যমে সাধারণ মানুষকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য জানানো হচ্ছে।

### ১.৩.৮ মোবাইল এসএমএস সিস্টেম

মোবাইল এসএমএস সিস্টেম হল একটি প্রক্রিয়া যেখানে মোবাইল ফোন ব্যবহারকারীগণ তাদের মোবাইল মেসেজ অপশনে গিয়ে "BBS NEWS" লিখে ১৬১০৬ নম্বরে পাঠালে ব্যবহারকারীগণ চাহিদা মোতাবেক তথ্য পাচ্ছেন।

### ১.৩.৯ e-GP এর কাজে সহায়তা প্রদান করা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে e-GP কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো e-GP এর মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করছে।

### ১.৩.১০ ইনোভেশন কার্যক্রম

ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম এ বিভাগের অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) এর তত্ত্বাবধানে সম্পাদিত হচ্ছে। তথ্য ব্যবস্থাপনা উইং-এর আওতাভূক্ত আইসিটি শাখা-১ কমিটির ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করছে। এ কমিটি জানুয়ারি, ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৭ সময়ে সম্পাদিতব্য ইনোভেশন কাজের কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। এ কর্মপরিকল্পনা মোতাবেক ইতিমধ্যে ৯টি ইনোভেশনের কাজ বাস্তবায়িত হয়েছে।

### ১.৩.১১ জিও কোডের গেজেট প্রকাশ

জিও কোড চূড়ান্তপূর্বক তা গেজেটে প্রকাশ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়িত স্ট্রেংদেনিং জিওকোডিং সিস্টেম কর্মসূচির (সমাপ্ত) মাধ্যমে ৬৪টি জেলার জন্য জেলা ভিত্তিক **"বাংলাদেশ জিওকোড"** গেজেটে প্রকাশের জন্য বিগত ১২-০৬-২০১৭ খ্রি: তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে উপ-পরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। ৬৪ টি জেলার জন্য ৬৫৩০ পৃষ্ঠার জিওকোড প্রকাশ করা হচ্ছে। এ জিওকোড প্রকাশিত হওয়ার পর বাংলাদেশের সকল প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন,

মৌজা, গ্রাম, সিটি কর্পোরেশন, পৌরসভা, মহল্লা ও Key Point Installations এর নাম বাংলা ও ইংরেজিতে শুদ্ধ ও প্রমিত বানান সংগ্রহপূর্বক এসব নামের আইনগত মর্যাদা প্রদান এবং সার্বজনীন ব্যবহার মাইলফলক হিসেবে কাজ করবে।

**১.৩.১২ পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন**

দেশের সামগ্রিক ও সমন্বিত উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। সঠিক ও সময়োপযোগী পরিসংখ্যান পরিকল্পনা প্রণয়নের পূর্বশর্ত। পরিসংখ্যান যত নির্ভুল হবে, নীতি নির্ধারকদের জন্য পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান তত সহজতর হবে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মূল দায়িত্ব দেশের বিভিন্ন বিষয়ে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিংসহ প্রশাসনিক কর্মকান্ডের জন্য হালনাগাদ, নির্ভরযোগ্য ও মানসম্মত পরিসংখ্যান সরবরাহ করা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় এবং স্থানীয় পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত প্রশাসক, গবেষক, পরিকল্পনাবিদ, সরকারি ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এবং জনসাধারণের ব্যবহারের জন্য পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে আসছে।

এতদিন যাবত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কাজ পরিচালিত হয়ে আসছিল। বিভিন্ন সরকারি সংস্থা কর্তৃক একই বিষয়ে পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ফলে কোনটি সরকারি আর কোনটি সরকারি নয়, তা নিয়ে বিভ্রান্তি সৃষ্টি হওয়ায় তথ্য ব্যবহারকারীগণও নানাবিধ অসুবিধার সম্মুখিন হচ্ছিলেন। এ সকল অসুবিধা দূর করে পরিসংখ্যান কার্যক্রমকে গতিশীল, সমন্বিত, লক্ষ্যভিত্তিক ও প্রমিতকরণের জন্য পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন করা হয়।

**১.৩.১৩ পরিসংখ্যান আইনের বিষয়ে বিধিমালা ও নীতিমালা প্রণয়ন**

পরিসংখ্যান আইন, ২০১৩ এর আওতায় 'বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ব্যতিত অন্যান্য সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ বিধিমালা ও নীতিমালা, ২০১৪ প্রকাশ করা হয়।

**১.৩.১৪ জেলা গেজেটিয়ার প্রণয়ন**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১ এপ্রিল ১৯৯৮ খ্রি. তারিখের আদেশে জেলা গেজেটিয়ার প্রণয়নের দায়িত্ব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপর ন্যস্ত হয়। জেলা গেজেটিয়ার প্রণয়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবের সভাপতিত্বে গত ২৭ মার্চ ২০১৩ খ্রি. তারিখে প্রস্তুতি কমিটির এক সভার সিদ্ধান্তের আলোকে ১৭ এপ্রিল ২০১৩ খ্রি. তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রীকে প্রধান উপদেষ্টা ও পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতিকে উপদেষ্টা এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবকে সভাপতি করে ৩৪ জন কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে জাতীয় কমিটি এবং সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যকে উপদেষ্টা ও জেলা প্রশাসককে সভাপতি করে প্রত্যেক জেলায় জেলা গেজেটিয়ার কমিটি গঠন করা হয়। বর্তমানে সাতটি বিভাগে সাতটি জেলার গেজেটিয়ার চুড়ান্ত করা হয়েছে, যা মুদ্রণের অপেক্ষায়।

**১.৩.১৫ বিভাগীয় ও জেলা পরিসংখ্যান অফিস স্থাপন**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৮টি বিভাগীয় ও ৪১টি জেলা পরিসংখ্যান অফিস স্থাপন করা হয়েছে। গত ০১ জুলাই ২০১৩ খ্রি. তারিখ থেকে নবসৃষ্ট ৮টি বিভাগীয় পরিসংখ্যান অফিসের এবং ৪১টি জেলা পরিসংখ্যান অফিসের কার্যক্রম শুরু করা হয়। এছাড়াও উপজেলা পর্যায়ের ২য় শ্রেণির পদ বিলুপ্ত করে প্রথম শ্রেণির পদ সৃজন করা হয়েছে।

১.৩.১৬ বাংলাদেশে বিভিন্ন সেক্টরের উল্লেখযোগ্য অর্জন সংক্রান্ত কতিপয় পরিসংখ্যান

১) জিডিপি প্রবৃদ্ধির শতকরা হার **(GDP Growth Rate)**




২) চলতি মূল্যে জিডিপি (বিলিয়ন টাকা)



৩) **মাথাপিছু গড় আয় (মার্কিন ডলার)**




৪) **বাৎসরিক মুল্যস্ফীতির হার (Inflation Rate)**



৫) **মাসিক মূল্যস্ফীতি**




৬) **দারিদ্রের শতকরা হার (Poverty Rate)**



৭) **কৃষি ফসলের উৎপাদন বৃদ্ধি ও খাদ্যে স্বয়ংসম্পূর্নতা অর্জন (উৎপাদন লক্ষ মে. টন)**




৮) **বাংলাদেশ বিশ্বে চতুর্থ বৃহত্তম ধান উৎপাদনকারী দেশ (উৎপাদন মিলিয়ন মেট্রিক টন)**



৯) আলু ফসলের ব্যাপক উৎপাদন বৃদ্ধি (উৎপাদন লক্ষ মে. টন)




১০) গড় আয়ু (Life Expectancy at Birth)



১১) বিগত ৩টি অর্থনৈতিক শুমারিতে অর্থনৈতিক ইউনিটের তুলনামূলক চিত্র **(Establishments By Type)**




১২) বাংলাদেশের লিঙ্গভিত্তিক শ্রমশক্তির সংখ্যা (১৫ বছর ও তদূর্ধ্ব জনসংখ্যা-মিলিয়নে)



### ১.৩.১৭ জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (**NSDS**)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর Capacity Building of BBS (Phase: 2 NSDS Preparation) Project শীর্ষক একটি প্রকল্পের অধীন বিশ্বব্যাংকের সহযোগিতায় পরিসংখ্যান উন্নয়নের জন্য জাতীয় কৌশলপত্র (National Strategy for the Development of Statistics – NSDS) নামে একটি পরিকল্পনা দলিল প্রণয়ন করা হয়েছে। NSDS হচ্ছে পরিসংখ্যান ব্যবস্থার সামগ্রিক উন্নয়নের উদ্দেশ্যে প্রণীত একটি বিস্তারিত, বাস্তবসম্মত, অংশগ্রহণমূলক, পরিবর্তনশীল এবং রাষ্ট্রীয় মালিকানাধীন পরিকল্পনা দলিল। এর বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান পদ্ধতির জন্য যুগোপযোগী দৃঢ় ভিত্তি তৈরি করা হবে, যার উপর নির্ভর করে ভবিষ্যতে তথ্যভিত্তিক, সঠিক ও ফলপ্রসূ জাতীয় নীতি ও পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হবে। তাছাড়া, এর মাধ্যমে পরিসংখ্যান ব্যবস্থা/পদ্ধতির সার্বিক উন্নয়ন ও প্রমিতকরণ, অর্থনৈতিক বিশ্লেষণ, উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদানের জন্য পরিসংখ্যানের গুণগতমান ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি, জাতীয় আয় নিরূপণ পদ্ধতি আধুনিকায়ন এবং তথ্যভান্ডার ও নেটওয়ার্কিং শক্তিশালী করার সুযোগ তৈরি হবে। রূপকল্প ২০২১ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য NSDS হচ্ছে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নিজস্ব কৌশল, যা বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার সাথে আলোচনাক্রমে চূড়ান্ত করা হয়েছে। সকল উন্নয়নশীল দেশের জন্য জাতীয় পরিসংখ্যান কৌশলপত্র অবলম্বন করা একটি আন্তর্জাতিক রীতিতে পরিণত হয়েছে। ২০০৪ সনে গৃহীত প্রায় সকল উন্নয়ন সহযোগিরা (Development Partners) NSDS প্রণয়ন প্রক্রিয়ায় জড়িত ছিলেন এবং বাস্তবায়ন প্রক্রিয়ায় সহায়তা করার আশ্বাস/ইঙ্গিত দিয়েছেন। এর সুষ্ঠু বাস্তবায়ন হলে পর্যায়ক্রমে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা উপকৃত হবে।

এ ছাড়াও বিভিন্ন কর্মশালা এবং সভা থেকে প্রাপ্ত মতামত ও সুপারিশের আলোকে বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থার ভিশন এবং মিশন নির্ধারণ করা হয়েছে, যা এই পরিকল্পনা দলিলে বর্ণিত আছে। সরকারের ভিশন-২০২১ এর সাথে সামঞ্জস্য রেখে যথাসময়ে প্রাসঙ্গিক, বস্তুনিষ্ঠ ও সহজে ব্যবহারযোগ্য উপাত্ত প্রদানের লক্ষ্যে বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে বিশ্বমানে উন্নীত করাকে NSDS এর রূপকল্প/ভিশন হিসেবে নির্ধারণ করা হয়েছে। আর এর মিশন হচ্ছে পরিসংখ্যান ব্যুরোর নেতৃত্বে দেশে একটি সমন্বিত, পেশাদারি ও দক্ষ পরিসংখ্যান ব্যবস্থা গড়ে তোলা এবং তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের বর্তমান ও ভবিষ্যত চাহিদা পূরণে সক্ষম আন্তর্জাতিক মান সম্পন্ন নির্ভুল পরিসংখ্যান প্রস্তুত করা।

বর্ণিত ভিশন ও মিশন অর্জনের লক্ষ্যে সামগ্রিক দিক বিশ্লেষণ করে নিম্নলিখিত চারটি বিষয়কে অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করা হয়েছে। যথা:

(ক) জাতীয় উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের গতি প্রকৃতি পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং সুষ্ঠু অর্থনৈতিক ব্যবস্থাপনা ও তথ্য-ভিত্তিক জাতীয় পরিকল্পনা প্রণয়নের জন্য তথ্য-উপাত্তের গুণগতমান ও ব্যবহার বৃদ্ধির উপর জোর দেয়া;

(খ) জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার পেশাদারিত্ব বৃদ্ধিকরণ;

(গ) দেশের জনগণকে বিশেষ করে স্থানীয় জনসাধারণকে পরিসংখ্যানগত তথ্য উপাত্তের সাথে সম্পৃক্ত করে তাদের ক্ষমতায়নে এবং স্থানীয় পর্যায়ের পরিকল্পনা প্রণয়নে সহায়তা করার লক্ষ্যে স্থানীয় পর্যায়ের পরিসংখ্যান কার্যক্রম আরও শক্তিশালী করা; এবং

(ঘ) সমাজের সর্বস্তরের জনগণ যাতে অতি সহজে তথ্য-উপাত্ত পেতে পারে, সেজন্য পরিসংখ্যানগত সকল তথ্য-উপাত্ত সর্বসাধারণের জন্য উন্মুক্তকরণ এবং এ লক্ষ্যে পর্যায়ক্রমে "উন্মুক্ত উপাত্ত নীতি" চালু করা।

বিগত ২৮ অক্টোবর ২০১৩ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপিত NSDS সরকারের একটি পরিকল্পনা দলিল হিসেবে অনুমোদিত হওয়ায় বাংলাদেশে পরিসংখ্যান ব্যবস্থাকে পূর্ণাঙ্গভাবে প্রাতিষ্ঠানিক রূপদানের এক সোনালী অধ্যায় সূচিত হয়েছে।

### ১.৩.১৮ জাতিসংঘের পরিসংখ্যান কমিশনের কার্যক্রমে বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থার সম্পৃক্ততা

পরিসংখ্যানের মানোন্নয়নের জন্য আন্তর্জাতিকভাবে বিভিন্ন নীতিমালা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। জাতিসংঘের পরিসংখ্যান কমিশন (United Nations Statistical Commission–UNSC) আন্তর্জাতিক অঙ্গনে পরিসংখ্যানের নীতি নির্ধারণী সংস্থা হিসেবে কাজ করে। UNSC-এর বার্ষিক সম্মেলনে পরিসংখ্যানের সাম্প্রতিক অগ্রাধিকারসমূহ চিহ্নিত করে

সেগুলি বাস্তবায়নের জন্য প্রত্যেক দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) কে অনুরোধ জানানো হয় এবং প্রয়োজনে এ ব্যাপারে Expert Group গঠন করে সুপারিশ তৈরি করে NSO- কে তা বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা হয়।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ UNSC সম্মেলনে নিয়মিত যোগদান করে থাকে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ UNSC এর সুপারিশের আলোকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে। সাম্প্রতিক সময়ে UNSC এর সুপারিশের আলোকে System of National Accounts (SNA)-2008, System of Environmental and Economic Accounting (SEEA), Strengthening Agricultural and Rural Statistics, Gender Statistics, Health Statistics, Geospatial Framework in National Statistical System-এর উপর ব্যুরোর কার্যক্রমকে জোরদার করা হয়েছে। তাছাড়া জাতিসংঘের অন্যান্য ঘোষণা ও কর্মসূচি এবং টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) মনিটরিংয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উল্লেখযোগ্য অবদান রাখছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা পরবর্তী উন্নয়ন কর্মসূচি (Post-2015 Development Agenda) তে Cross-Cutting Issue হিসেবে অনেকগুলো বিষয় সংযোজনের জন্য আমরা এ প্রক্রিয়ার সাথে সংযুক্ত হয়ে কাজ করছি এবং সুপারিশ প্রণয়নে অবদান রাখছি। এ ছাড়া, বিভাগ ও বিবিএস বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থার অর্জন বহির্বিশ্বে তুলে ধরার লক্ষ্যে ও পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের জন্যে ওআইসির পরিসংখ্যান সম্পর্কিত সংগঠন SESRIC, UNESCAP এর সংগঠন SIAP এবং SAARC এর অঙ্গ সংগঠন SAARCSTAT এর কার্যক্রমে নিয়মিতভাবে অংশগ্রহণ করছে। স্বল্পোন্নত দেশসমূহের উন্নয়নের জন্য জাতিসংঘ কর্তৃক ‘ইস্তাম্বুল কর্মপরিকল্পনা’ বাস্তবায়নের জন্য জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে অত্র বিভাগ ও বিবিএস সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে।

### ১.৪ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থবছরে চলমান প্রকল্প/কর্মসূচিসমূহের বিবরণ:

#### ১.৪.১ অর্থনৈতিক শুমারি-২০১৩ প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০১১ থেকে জুন ২০১৮ পর্যন্ত
আরম্ভ: জুলাই ২০১১
সমাপ্তি: জুন ২০১৮
প্রকল্পের উদ্দেশ্য:

- বাংলাদেশে তৃতীয় অর্থনৈতিক শুমারি ২০১৩ সালে সম্পাদন করা এবং ৬৬টি বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা;
- মূল শুমারি (তথ্য সংগ্রহ) সম্পন্ন করার পর গণনা পরবর্তী যাচাই (Post Enumeration Check) কার্যক্রম সম্পন্ন করা;
- বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ড বিষয়ে বিস্তারিত জরিপ সম্পাদনের নিমিত্ত Sampling Frame প্রস্তুত করা;
- Bangladesh Standard Industrial Classification (BSIC 2009) অনুযায়ী অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠানের একটি ডিরেকটরি (Directory) প্রণয়ন করা;
- অর্থনৈতিক কর্মকান্ডের শিল্পগত বিন্যাস, নিয়োজিত জনবলের সংখ্যা ও মালিকানার ধরণ নির্ধারণ করা;
- জাতীয় আয়ের ভিত্তি বছর পরিবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় বেঞ্চমার্ক তথ্য সরবরাহ করা;
- অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত উপখাতগুলোর কাঠামো নিরূপণ করা;
- অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকান্ডের কাঠামো নির্ধারণ ও সামগ্রিক অর্থনীতিতে এর অবদান নিরূপণ করা;
- অর্থনৈতিক উন্নয়নের জন্য তথ্যনির্ভর যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও নীতিনির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করা;
- নির্ধারিত সময়ের মধ্যে মূল শুমারি সম্পন্ন করা;
- কার্যক্রমভিত্তিক অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহকে পৃথক করার নিমিত্ত Bangladesh Standard Industrial Classification (BSIC 2009) অনুযায়ী কোডিং কার্যক্রম সম্পন্ন করা;

- গণনা পরবর্তী যাচাই (Post Enumeration Check) কার্যক্রম সম্পন্ন ও রিপোর্ট প্রকাশ করা;
- ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রের (UISC) মাধ্যমে স্থানীয় পর্যায়ে শুমারির তথ্য কম্পিউটারে ধারণ করা;
- মূল শুমারি কার্যক্রমে নিয়োজিত কৃতি কর্মীগণকে পদক ও সনদপত্র প্রদান করা এবং
- মূল শুমারির তথ্য প্রক্রিয়াকরণ সম্পন্নকরণ।

প্রাক্কলিত ব্যয়:
মূল ডিপিপিতে প্রাক্কলিত ব্যয়: ১৯৩.৫২৯০ কোটি টাকা।
সংশোধিত আরপিপিতে বাজেট বরাদ্দ: ১৭৮.৯৫৮১ কোটি টাকা।
২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ৮৫.০০%

১.৪.২ **বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প**
বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: ১ এপ্রিল ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত
আরম্ভ: ১ এপ্রিল ২০১৫
সমাপ্তি: ৩০ জুন ২০১৬
প্রকল্পের উদ্দেশ্য:

- বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের একটি ডাটাবেজ প্রণয়ন;
- বাংলাদেশে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের বর্তমান অবস্থান এবং বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থানের ঠিকানা নিরূপণ;
- মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশের অন্তর্নিহিত কারণসমূহ চিহ্নিতকরণ;
- বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের আর্থ-সামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন এবং
- সকল অনিবন্ধিত মিয়ানমার নাগরিকের ছবি ও প্রয়োজনীয় দলিলাদির ছবি ধারণ ও সংগ্রহ।

প্রাক্কলিত ব্যয়: ২১.৭৫ কোটি টাকা
২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ১০০%

**১.৪.৩ স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ প্রকল্প**
বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: মে ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত
আরম্ভ: মে ২০১৫
সমাপ্তি: জুন ২০১৭
প্রকল্পের উদ্দেশ্য:

- বিবিএস কর্তৃক ব্যবহৃত ধান ও ভুট্টা ফসলের বার্ষিক উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি যাচাই ও উন্নয়ন;
- বিবিএস কর্তৃক ধান ও আলু ফসলের বার্ষিক উৎপাদন সংক্রান্ত পূর্বাভাস প্রদানে (forecast) পরিসংখ্যানিক পদ্ধতি (statistical model) প্রণয়ন ও বাস্তবায়ন;
- বিবিএস কর্তৃক ধান, গম ও ভুট্টা ফসলের বিভিন্ন পর্যায় মজুদ নির্ণয় এবং
- প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি।

প্রাক্কলিত ব্যয়: ৭০০.০০ লক্ষ টাকা
২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ১০০%

**১.৪.৪ ইম্প্রুভিং অব লেবার স্ট্যাটিস্টিক্স অ্যান্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম থ্রু প্যানেল সার্ভে (LMIS) প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস

বাস্তবায়নকাল: জানুয়ারি ২০১৫ হতে জুন ২০১৮ পর্যন্ত

আরম্ভ: জানুয়ারি ২০১৫

সমাপ্তি: ২০১৮

প্রকল্পের উদ্দেশ্য:

- ত্রৈমাসিকভিত্তিতে Panel survey পরিচালনার মাধ্যমে শ্রম বাজার সম্পর্কিত আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য জেন্ডারভিত্তিক নির্দেশক পরিসংখ্যান প্রস্তুত করা। এছাড়া 19th ICLS (International Conference of Labour Statisticians) এর গাইড লাইন অনুসরণপূর্বক আন্তর্জাতিকভাবে তুলনাযোগ্য পরিসংখ্যান প্রস্তুত সম্ভব হবে।
- শ্রমবাজারের Indicator ও পরিসংখ্যানসমূহের জন্য Web Portal তৈরির মাধ্যমে একটি Labour Market Information System Develop করা। যার মাধ্যমে ত্রৈমাসিক জরিপসহ বিভিন্ন Secondary উৎস হতে প্রাপ্ত demand ও supply side তথ্যসমূহ একটি platform এর মাধ্যমে সকল user/stakeholder-দের কাছে পৌছানো সম্ভব হবে। LFS এর মাইক্রো ডাটার উপর ভিত্তি করে শ্রমবাজারের গতিপ্রকৃতি, ধরণ, ফলাফল ইত্যাদি গভীরভাবে বিশ্লেষণপূর্বক Analytical Report তৈরি করা।
- ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপের মাধ্যমে আহরিত উপাত্তসমূহের ভিত্তিতে প্রস্তুতকৃত তথ্যভান্ডার সরকারের পঞ্চবার্ষিকী পরিকল্পনাসহ অন্যান্য স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করবে।

প্রাক্কলিত ব্যয়: ১১.০০ কোটি টাকা

২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ৮০.০০%

**১.৪.৫ ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন্স অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস

বাস্তবায়নকাল: এপ্রিল ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত

আরম্ভ: এপ্রিল ২০১৫

সমাপ্তি: ডিসেম্বর ২০১৭

প্রকল্পের উদ্দেশ্য :

- স্বাধীনতার পর হতে এ যাবত প্রকাশিত ব্যুরোর প্রকাশনাসমূহ ডিজিটাইজেশন এবং এতে সার্সিং অপশন সংযোজন (গুগলের ন্যয়);
- বিভিন্ন সংস্থা হতে অনলাইন পদ্ধতিতে উপাত্ত সংগ্রহ করে ব্যুরোর মাসিক/বাৎসরিক প্রকাশনা স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা;
- সাধারণভাবে জনসাধারণের জন্য এবং বিশেষভাবে পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকের জন্য ব্যুরোর প্রকাশনাসমূহের সহজলভ্য নিশ্চিত করণ।

প্রাক্কলিত ব্যয়: ৬.৮৬ কোটি টাকা

২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ৭০.০০%

**১.৪.৬ মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিক্স অব বাংলাদেশ (এমএসভিএসবি) প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস

বাস্তবায়নকাল: ১ জুলাই ২০১২ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত

আরম্ভ: ১ জুলাই ২০১২

সমাপ্তি: ৩০ জুন ২০১৭

প্রকল্পের উদ্দেশ্য :

- আদমশুমারি পরবর্তী বছরভিত্তিক জনসংখ্যা ও জনতাত্ত্বিক সূচকসমূহের পরিবর্তন নিরূপণ করা;
- বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে এ তথ্য ব্যবহার করাই প্রকল্পের মূল উদ্দেশ্য;
- সমগ্র বাংলাদেশে IMPS Design এর মাধ্যমে নির্বাচিত ২০১২টি নমুনা এলাকা (Primary Sampling Unit) হতে জনসংখ্যা ও জনতাত্ত্বিক বিষয়ক ১১টি তফসিলের উপর নির্ভরযোগ্য ও সঠিক তথ্য সংগ্রহ করা;
- আন্তঃশুমারি বৎসরসমূহের জনসংখ্যা হ্রাস-বৃদ্ধির উপাদানসমূহ যথা- জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন এবং আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং নিয়মিতভাবে জনমিতি সম্পর্কিত সূচকসমূহের রিপোর্ট প্রকাশ করা এবং
- জনসংখ্যা ও জনতত্ত্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় সাধনপূর্বক Computer এ ধারণ ও সংরক্ষণ করা।

প্রাক্কলিত ব্যয়: স্থানীয় মুদ্রা-৩৮৮০.০০ (লক্ষ) টাকা।

২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ১০০.০০%

**১.৪.৭ অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস

বাস্তবায়নকাল: সেপ্টেম্বর ২০১৪ থেকে জুন ২০১৮ পর্যন্ত

আরম্ভ: সেপ্টেম্বর ২০১৪

সমাপ্তি: জুন ২০১৮

প্রকল্পের উদ্দেশ্য:

- হেড অফিসের (৫ এমবিপিএস হতে ২০ এমবিপিএস) ইন্টারনেটে উন্নীতকরণ এবং বিভাগ, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিসের সাথে ইন্টারনেট সংযোগ স্থাপন করা;
- হেড অফিসে স্থাপিত নেটওয়ার্ক এবং জেলা ও উপজেলার নেটওয়ার্ক রক্ষনাবেক্ষণ;
- বর্তমানে স্থাপিত ডিজিটাল আর্কাইভ সিস্টেমকে আরও উন্নীতকরণ;
- পরিসংখ্যান ভবনে আইসিটি সিকিউরিটি সিস্টেম স্থাপন;
- সফটওয়ার উন্নয়ন, অফিস অটোমেশন (ফাইল ম্যানেজমেন্ট, এইচআরএম, পে-রোল, ভেহিকেল ম্যানেজমেন্ট, বাজেটিং এন্ড অডিটিং ইত্যাদি), ইন্ডাস্ট্রিয়াল পরিসংখ্যান, ফরেন ট্রেড পরিসংখ্যান, কৃষি পরিসংখ্যান ইত্যাদি এবং
- বিবিএস ও বিবিএস সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ প্রদান।

প্রাক্কলিত ব্যয়: ১৮.০০ কোটি টাকা

২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ৭০.০০%

**১.৪.৮ হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস

বাস্তবায়নকাল: জুলাই ২০১৪ থেকে জুন ২০১৮ পর্যন্ত

আরম্ভ: ১ জুলাই ২০১৪

সমাপ্তি: ৩০ জুন ২০১৮

প্রকল্পের উদ্দেশ্য:

- দারিদ্র বিশ্লেষণ, পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ও বিশেষভাবে এমডিজির লক্ষ্য  ১ এবং ২০১৫ উত্তর টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ ইত্যাদির অগ্রগতি পর্যবেক্ষণ করার জন্য Household Level-এ একটি উচ্চমানের Data Generate করা;

- HIES জরিপ পরিচালনার জন্য দারিদ্র, বৈষম্য এবং Household Level -এ দেশের Income এবং Expenditure Distribution এর তথ্য উপস্থাপন করা এবং
- HIES জরিপ পরিচালনার মাধ্যমে খানার ভোগ ব্যয় তথ্য ভোক্তার মূল্যসূচক (Consumer Price Index-CPI) এর Weight নির্ণয়ে এবং ব্যয়ভিত্তিক জিডিপি প্রণয়নে ব্যবহার করা।

প্রাক্কলিত ব্যয়: ২২.০০ কোটি টাকা
২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ৮০.০০%

**১.৪.৯ স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত
আরম্ভ: জুলাই ২০১২
সমাপ্তি: জুন ২০১৭
উন্নয়ন সহযোগী : ইউএনএফপিএ
প্রকল্পের উদ্দেশ্য :

- GPS ব্যবহারের মাধ্যমে শিক্ষা ও স্বাস্থ্য সেবা চিহ্নিত করে সারা দেশের ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ হালনাগাদকরণ ;
- আদমশুমারীর ২০১১ এর তথ্য ও জিও ডাটাবেইজ ব্যবহার পূর্বক Small Area Atlas প্রস্তুতকরণ;
- Sample Vital Registration System (SVRS) এর তথ্য উপাত্ত Online-এ ধারণ করার জন্য Software Develop;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্নপরিসংখ্যানতথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, রিপোর্ট রাইটিং, রিপোর্ট প্রকাশনা বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিকরণ এবং
- বাংলাদেশের নারীর প্রতি সহিংসতা (Violence Against Women) বিষয়ক Time Series Data প্রস্তুতকরণ।

প্রাক্কলিত ব্যয়: ১৯৯৭.০০ লক্ষ টাকা
২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ১০০.০০%

**১.৪.১০ ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত
আরম্ভ: জুলাই ২০১৩
সমাপ্তি: ডিসেম্বর ২০১৮

প্রকল্পের উদ্দেশ্য:

- দেশের সকল খানা ও খানার সদস্যগণের তথ্য-উপাত্ত সংগ্রহের মাধ্যমে সকল জনগোষ্ঠীর আর্থ –সামাজিক তথ্য সম্বলিত একটি জাতীয় ডাটাবেইজ প্রণয়ন;
- এ ডাটাবেইজ হতে Proxy Mean Test-Formula (PMTF)-এর মাধ্যমে খানার আর্থ-সামাজিক অবস্থার নির্দেশক স্কোরসহ সকল খানার জন্য একটি ডাটাবেইজ প্রণয়ন;
- সরকারের বিভিন্ন মন্ত্রনালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলোর উপকারভোগী নির্বাচন পদ্ধতি সহজীকরণ;

- আর্থ সামাজিক তথ্য সম্বলিত দেশের সকল খানা ভিত্তিক ডাটাবেইজ প্রস্তুত, বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের মধ্যে যোগসূত্র স্থাপন এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপজেলা থেকে সকল প্রশাসনিক মন্ত্রণালয়ের ব্যবহার উপযোগীকরণ;
- সরকারের গৃহীত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পে সঠিকভাবে অতিদরিদ্র ব্যক্তিকে লক্ষ্যভুক্ত (Target) করা এবং লক্ষ্যভুক্তির কৌশল সহজতর করা;
- অতিদরিদ্র জনগোষ্ঠীর উদ্দেশ্যে বাস্তবায়িত বিভিন্ন কর্মসূচি/প্রকল্পের Overlapping পরিহারে সহায়তা করা এবং
- এ ডাটাবেইজ হতে Proxy Mean Test-Formula (PMTF)- এর মাধ্যমে খানার আর্থ-সামাজিক অবস্থার নির্দেশক স্কোরসহ সকল খানার জন্য একটি ডাটাবেইজ প্রণয়ন করা।

প্রাক্কলিত ব্যয়: জিওবি ১৬৩৭.০০ লক্ষ টাকা ও আরপিএ ৩১২৪০.০০ লক্ষ টাকা। সর্বমোট ৩২৮৭৭.০০ লক্ষ টাকা
২০১৬-২০১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: ৩৫.০০%

## ২.০ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন সংস্থা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন একমাত্র সংস্থা।

## ২.১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

স্বাধীনতাত্তোর বাংলাদেশে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন একাধিক সংস্থা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের দায়িত্বে নিয়োজিত ছিল। পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতায় পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়াধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আদমশুমারি কমিশন তাদের নিজ নিজ মন্ত্রণালয়ের প্রয়োজনে পরিসংখ্যানের যোগান দিয়ে আসছিল। সর্বপ্রথম ১৯৭৪ সালে বর্ণিত ৪টি পরিসংখ্যান সংস্থাকে একীভূত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রতিষ্ঠা করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মূল দায়িত্ব দেশের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিংসহ প্রশাসনিক কর্মকান্ডের জন্য হালনাগাদ, নির্ভরযোগ্য ও মানসম্মত পরিসংখ্যান সরবরাহ করা। পরিসংখ্যান ব্যুরো জাতীয় এবং স্থানীয় পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত প্রশাসক, গবেষক, পরিকল্পনাবিদ, সরকারি ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এবং জনসাধারণের ব্যবহারের জন্য পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে আসছে। এতদিন পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোনো সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কাজ পরিচালিত হয়ে আসছিল। ২০১৩ সালে পরিসংখ্যান আইন জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো একটি আইনগত কাঠামো পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নতুন করে প্রতিষ্ঠা করা হয়েছে।

## ২.২ পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উল্লেখযোগ্য কার্যাবলি

(ক) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ;

(খ) সঠিক, নির্ভুল পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;

(গ) জনশুমারি, কৃষিশুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

(ঘ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে নির্ভরযোগ্য এবং ব্যবহার বান্ধব পরিসংখ্যান তথ্য সরবরাহকরণ;

(ঙ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;

(চ) শাখা কার্যালয়ের কার্যাদি সরেজমিনে তদারক এবং প্রযোজ্য ক্ষেত্রে উহার প্রতিবেদন পর্যালোচনা ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;

(ছ) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics) প্রবর্তন এবং সময়ে সময়ে হালনাগাদকরণ;

(জ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ;

(ঝ) পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(ঞ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;

(ট) যে কোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;

(ঠ) ভোক্তার মূল্যসূচকসহ অন্যান্য মূল্যসূচক এবং জাতীয় হিসাব প্রস্তুতকরণ;

(ড) অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতি সংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;

(ঢ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলণ;

(ণ) জিও কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র সরকারি জিও কোড সিস্টেম হিসাবে এর হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ত) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register) প্রণয়ন ও সময়ে সময়ে হালনাগাদকরণ;
(থ) সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (Central Geographic Information System) প্রণয়ন;
(দ) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization);
(ধ) সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন ও আধুনিক পদ্ধতিতে আর্কাইভে সংরক্ষণ;
(ন) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য প্রণীত সরকারি পরিসংখ্যানের মান সত্যায়ন (Authentication);
(প) পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান;
(ফ) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন এবং
(ব) উপরে বর্ণিত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

**২.৩ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনবল**

| পর্যায় | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | মোট |
|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ৪৫৭ | ১২৪ | ২৯৩৫ | ৮১৩ | ৪৩২৯ |
| কর্মরত | ১৫৪ | ৫৭ | ১৪৬৩ | ৪৬৯ | ২১৪৩ |
| শূন্যপদ | ৩০৩ | ৬৭ | ১৪৭২ | ৩৪৪ | ২১৮৬ |

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সৃষ্টির পর হতে দেশের পরিসংখ্যান কার্যক্রমে গতি সঞ্চার হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে শক্তিশালী করার প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। ফলে দেশের পরিসংখ্যানের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এ প্রেক্ষিতে অধিকতর মানসম্পন্ন তথ্য ও উপাত্ত দ্রুততম সময়ে সরবরাহের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে তথা বিভাগ ও সকল জেলা পর্যায়ে অফিস স্থাপন এবং উপজেলা পর্যায়ের অফিসসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে ইতোপূর্বে সদর দপ্তর, ২৩ টি আঞ্চলিক (জেলা পর্যায়ে) পরিসংখ্যান অফিস ও ৪৮১টি উপজেলা পরিসংখ্যান অফিস এই তিন স্তর বিশিষ্ট সাংগঠনিক কাঠামো ছিল। বর্তমানে ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় অফিস এবং ৬৪টি জেলায় জেলা পরিসংখ্যান অফিস স্থাপন করে চার স্তর বিশিষ্ট সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে। ৮টি বিভাগে বিভাগীয় কার্যালয়ে যুগ্ম-পরিচালকের পদসহ বিভিন্ন পর্যায়ে প্রতিটি বিভাগে ১৩টি পদ সৃষ্টি করা হয়েছে। ৬৪টি জেলায় জেলা কার্যালয়ে উপ-পরিচালকের পদসহ ১৩টি পদ সৃষ্টি করা হয়েছে এবং উপজেলা পর্যায়ে ৪৮৩টি ২য় শ্রেণির উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার পদ বিলুপ্ত করে ১ম শ্রেণির পরিসংখ্যান কর্মকর্তার পদ সৃষ্টি করে প্রতিটি উপজেলায় ৫টি পদ সৃষ্টি করা হয়েছে। এর মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে চার স্তর বিশিষ্ট সাংগঠনিক কাঠামো স্থাপনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। নতুন সাংগঠনিক কাঠামো সৃষ্টির ফলে বিভিন্ন পর্যায়ে মোট ৫৪০টি নতুন পদ চূড়ান্তভাবে সৃষ্টি হয়েছে। এর ফলে মাঠ পর্যায় থেকে সদর দপ্তর পর্যন্ত প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পাবে। এ ছাড়া বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারের জনবল বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে ক্যাডারের জনবল ১০৭। উপজেলা, জেলা, বিভাগ ও প্রধান কার্যালয়ে পদ সৃষ্টির মাধ্যমে এ সংখ্যা ৫৬৮টিতে উন্নীত করার কার্যক্রম চলছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাংগঠনিক কাঠামোতে আরো ১৫৯৫টি পদ সৃষ্টির বিষয় প্রক্রিয়াধীন আছে। এর মধ্যে ১ম শ্রেণির ৫২৩টি ক্যাডার পদ সৃষ্টি করা হবে। পদ সৃষ্টি এবং কিছু অপ্রয়োজনীয় পদ বিলুপ্তির পরে ৫৬৬৮ পদ সম্বলিত সাংগঠনিক কাঠামো প্রস্তুতের কাজ চলমান। সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কাজ চূড়ান্ত হলে গুণগতমান সম্পন্ন পরিসংখ্যান প্রণয়নে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আরও অবদান রাখতে পারবে।

## ৩.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন উইংসমূহ

১) এগ্রিকালচার উইং
২) সেন্সাস উইং
৩) ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং
৪) ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং
৫) ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং
৬) ফিন্যান্স এডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (FA & MIS)
৭) আইসিটি ও ডাটা প্রসেসিং (কম্পিউটার) উইং
৮) স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (SSTI)

### ৩.১ এগ্রিকালচার উইং (Agriculture Wing)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এগ্রিকালচার উইং ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট, আলু) সহ ১২৬টি ফসলের আবাদি জমির পরিমাণ এবং উৎপাদনের হিসাব প্রাক্কলন করে থাকে। এ ছাড়া ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান, মাসিক কৃষি মজুরির হার, প্রধান ফসলের পূর্বাভাস, অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব নিরূপণ এবং 'বার্ষিক কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ' প্রণয়ন করা হয়। নিম্নে ২০১৫-১৬ ও ২০১৬-১৭ অর্থ বছরের প্রধান ও অ-প্রধান ফসলের হিসাব প্রদান করা হলো:

#### ৩.১.১ ২০১৬-১৭ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদনের হিসাব

| ফসলের নাম | আবাদি জমির আয়তন (লক্ষ একর) | ফসলের উৎপাদন (লক্ষ মে. টন) | আবাদি জমির আয়তন (লক্ষ একর) | ফসলের উৎপাদন (লক্ষ মে. টন) |
|---|---|---|---|---|
| | ২০১৫-১৬ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৬-১৭ |
| আউশ | ২৫.১৬ | ২২.৮৯ | ২৩.২৭ | ২১.৩৪ |
| আমন | ১৩৮.১৪ | ১৩৪.৮৩ | ১৩৭.৯৭ | ১৩৬.৫৬ |
| বোরো | ১১৭.৯৪ | ১৮৯.৩৭ | ১১০.৬০* | ১৮০.১৪* |
| গম | ১০.৯৯ | ১৩.৪৮ | ১০.২৬* | ১৩.১১* |
| আলু | ১১.৭৫ | ৯৪.৭৪ | ১২.৩৫* | ১০২.১৬* |
| পাট | ১৬.৭৫ | ৭৫.৫৯ (লক্ষ বেল) | ১৮.২৩ | ৮২.৪৭ (লক্ষ বেল) |

**** ২০১৬-১৭ অর্থ বছরে (বোরো, গম ও আলু) ফসলের Provisional Figure দেখানো হল।**

### ৩.১.২ ২০১৬-১৭ অর্থ বছরে ১২০টি অ-প্রধান ( ১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাব

| ক্রমিক নং | ফসলের গ্রুপ | আবাদি জমির আয়তন (লক্ষ একর) | ফসলের উৎপাদন (লক্ষ মে.টন) |
|---|---|---|---|
| | | **২০১৫-১৬** | **২০১৫-১৬** |
| ০১ | দানা জাতীয় শস্য (অ-প্রধান) | ৮.৩২ | ২৪.৪৭ |
| ০২ | ডাল জাতীয় | ৯.২২ | ৩.৭৮ |
| ০৩ | তৈল বীজ জাতীয় | ১১.২৫ | ৯.৩৪ |
| ০৪ | মশলা জাতীয় | ৯.৭৮ | ২৪.৮৮ |
| ০৫ | সুগার জাতীয় | ২.৪৩ | ৪২.০৮ |
| ০৬ | আঁশ জাতীয় | ০.৩৪ | ০.৪৬ (লক্ষবেল) |
| ০৭ | নেশা জাতীয় | ৩.৫৩ | ৬.৪৬ |
| ০৮ | সবজী (গ্রীষ্মকালীন) | ৪.৭২ | ১৪.২৩ |
| ০৯ | সবজী (শীতকালীন) | ৫.২৯ | ২২.৩৯ |
| ১০ | ফল (অস্থায়ী) | ১.৮৮ | ১২.৯৮ |
| ১১ | ফল (স্থায়ী) | ১.৭০ | ৩৪.৬৮ |
| ১২ | ফুল জাতীয় | ০.০২ | ০.০৭ |
| ১৩ | অন্যান্য ফসল | ১.০৩ | ৫.১২ |

### ৩.১.৩ কৃষি মজুরির হার

বিবিএস মাসিক ভিত্তিতে কৃষি মজুরি হার সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। কৃষি মজুরির হার সংগ্রহের জন্য প্রতি উপজেলা হতে নমুনা ভিত্তিতে ১০ জন কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে উপজেলার কৃষি মজুরের হার নিরূপণ করা হয়। কৃষি দিনমজুর পাওয়া না গেলে যারা কৃষি কাজের জন্য দৈনিক ভিত্তিতে মজুর নিয়োগ করেছেন এমন কৃষকের নিকট থেকে তথ্য নেয়া হয়। ১৫ বছর এবং তদূর্ধ্ব বয়সের পুরুষ এবং মহিলা শ্রমিকের মজুরি হার পৃথকভাবে নেয়া হয়। সকল অঞ্চলের মজুরি হার পাওয়ার পর এর ভিত্তিতে বাংলাদেশের কৃষি মজুরি হার নিরূপণ করা হয়।

**২০১৬-২০১৭ সনের এপ্রিল মাস পর্যন্ত খোরাকী ছাড়া এবং খোরাকীসহ পুরুষ ও মহিলা ভেদে কৃষি মজুরির হার নিম্নরূপ:**

(পারিশ্রমিক টাকায়)

| ক্রমিক নং | মাসের নাম | খোরাকি ছাড়া | | খোরাকিসহ | |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা |
| ০১. | জুলাই/১৬ | ৩২৮ | ২৫৬ | ৩০৭ | ২৩৮ |
| ০২. | আগষ্ট/১৬ | ৩২৫ | ২৫২ | ৩০৪ | ২৩৭ |
| ০৩. | সেপ্টেম্বর/১৬ | ৩২২ | ২৪৮ | ৩০৩ | ২৩৩ |
| ০৪. | অক্টোবর/১৬ | ৩১৯ | ২৪৬ | ৩০০ | ২৩১ |
| ০৫. | নভেম্বর/১৬ | ৩৩৬ | ২৫৯ | ৩১৭ | ২৪২ |
| ০৬. | ডিসেম্বর/১৬ | ৩৩৫ | ২৫৯ | ৩১৭ | ২৪১ |
| ০৭. | জানুয়ারি/১৭ | ৩৩৬ | ২৬৪ | ৩১৩ | ২৪৩ |
| ০৮. | ফেব্রুয়ারি/১৭ | ৩৩৫ | ২৬৫ | ৩১২ | ২৪৪ |
| ০৯. | মার্চ/১৭ | ৩৪৯ | ২৭৩ | ৩২২ | ২৫২ |
| ১০. | এপ্রিল/১৭ | ৪০০ | ২৯৪ | ৩৭৩ | ২৭৩ |

### ৩.১.৪ ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান

- ২০১৫-২০১৬ সনের ভূমি ব্যবহার পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।
- ২০১৫-১৬ সনের সেচ পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।

### ৩.১.৫ এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত ২০১৬-২০১৭ অর্থ বছরের কার্যক্রম

- ৬টি প্রধান  ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- ১২০টি অপ্রধান ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- মাসিক কৃষি মজুরি হার  নির্ণয়ের কাজ এপ্রিল/১৭ মাস পর্যন্ত সম্পন্ন করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে;
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে এবং
- কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৬ প্রকাশিত হয়েছে।

### ৩.১.৬ এগ্রিকালচার উইং এর আওতায় ২০১৬-২০১৭ অর্থ বছরের গৃহিত প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি

#### ৩.১.৬.১ স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ প্রকল্প

প্রকল্পের নামঃ স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ প্রকল্প।
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

**প্রকল্প বাস্তবায়নে সম্পৃক্ত অন্যান্য সংস্থাসমূহঃ**

(ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)
(খ) বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
(গ) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
(ঘ) কৃষি বিপণন অধিদপ্তর
(ঙ) খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ)।

**উন্নয়ন সহযোগীঃ** বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা **(FAO)**

**বাস্তবায়ন কালঃ** মে'২০১৫ হতে জুন ২০১৭ পর্যন্ত

(১) আরম্ভঃ মে' ২০১৫
(২) সমাপ্তঃ জুন' ২০১৭
(৩) প্রকল্প এলাকাঃ সমগ্র বাংলাদেশ

**প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ** ৭০০.০০ লক্ষ টাকা।

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | মোট টাকা | জিওবি | প্রকল্প সাহায্য | অগ্রগতির হার % | |
|---|---|---|---|---|---|
| | | | | আর্থিক % | বাস্তব % |
| ২০১৫-১৬ | ৩৮৮.০২ | ২০.৬৬ | ৩৬৭.৩৬ | ৯২.৮২% | ৯৬.০০% |
| ২০১৬-১৭ | ৩১১.৯৮ | ১৯.৭৫ | ২৯২.২৩ | ৯৯.৯৮ | ১০০% |
| সর্বমোট | ৭০০.০০ | ৪০.৪১ | ৬৫৯.৫৯ | ৯৬.০২ | ১০০% |

**প্রকল্পের উদ্দেশ্যঃ**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ব্যবüত গম ও ভুট্টা ফসলের বাৎসরিক উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি যাচাই এবং পরিসংখ্যানিক দিক দিয়ে এ বিষয়ক নির্ভুল পদ্ধতি প্রণয়ন পূর্বক উন্নয়ন করা;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে ধান ও আলু ফসল উৎপাদন সংক্রান্ত পূর্বাভাস প্রদান সংক্রান্ত পরিসংখ্যানিক পদ্ধতি প্রণয়ন করা;

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি (মিল ও খানা) পর্যায়ে ধান, গম ও ভুট্টা ফসলের সংরক্ষণ সংক্রান্ত হিসাব প্রাক্কলনের লক্ষ্যে জরিপ পরিচালনা করা এবং
- ওয়ার্কশপ ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিসহ মানব সম্পদ উন্নয়ন করা।

**প্রকল্প কর্তৃক সম্পাদিত কার্যক্রমঃ**

### ক) ) প্রাইভেট স্টক অব ফুড গ্রেইন: ২০১৬-১৭ সার্ভে (গম ও ভুট্টা, ধান)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়িত "স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ" প্রকল্প কর্তৃক মার্চ, ২০১৭ মাসে প্রাইভেট স্টক অব ফুড গ্রেইন (ধান, গম ও ভুট্টা) সার্ভে-২০১৬-১৭ দেশের চৌষট্টিটি জেলায় অনুষ্ঠিত হয়। জাতীয় পর্যায়ে প্রথমবারের মত অনুষ্ঠিত জরিপে ফসল উৎপাদনকারী ও মিলার পর্যায়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন প্রকাশ করা হয়। এক্ষেত্রে উৎপাদনকারী পর্যায়ে উৎপাদন তথ্যসহ বিভিন্ন উৎস হতে মোট প্রাপ্তির পরিমাণ ও এর বিভিন্ন ব্যবহার সম্পর্কিত তথ্য প্রকাশ করা হয়েছে। উক্ত সার্ভের মাস্টার ট্রেনার প্রশিক্ষণ ২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. তারিখে বিবিএস-এর সদর দপ্তরে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব কে এম মোজাম্মেল হক। বিশেষ অতিথি হিসাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব জনাব বিকাশ কিশোর দাস ও জনাব এম এ মান্নান হাওলাদার, বাংলাদেশস্থ FAO প্রতিনিধি Ms Sue Lautze এবং বিবিএস-এর উপমহাপরিচালক জনাব মো. বাইতুল আমীন ভূঁইয়া উপস্থিত ছিলেন। বিবিএস এর মহাপরিচালক জনাব মোঃ আমীর হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

### (খ) AMIS প্রকল্পের ডিসেমিনেশন ওয়ার্কশপ:

"স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ" প্রকল্পের সার্বিক কর্মকান্ড ও মার্চ ২০১৭ মাসে অনুষ্ঠিত প্রাইভেট স্টক অব ফুড গ্রেইন সার্ভে ২০১৬-১৭ এর রিপোর্ট-এর মোড়ক উন্মোচন বিষয়ক ডিসেমিনেশন ওয়ার্কশপ গত ১৫ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরের বিশেষজ্ঞগণ উপস্থিত ছিলেন। ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব কে এম মোজাম্মেল হক। বিশেষ অতিথি হিসাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব জনাব বিকাশ কিশোর দাস ও জনাব এ. বি. এম. জাকির হোসেন এবং বিবিএস এর উপমহাপরিচালক জনাব মো. বাইতুল আমীন ভূঁইয়া উপস্থিত ছিলেন। গেষ্ট অব অনার হিসাবে বাংলাদেশস্থ FAO এর সহকারী প্রতিনিধি (প্রোগ্রাম) জনাব নুর আহমেদ খন্দকার উপস্থিত ছিলেন। পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোঃ আমীর হোসেন এর সভাপতিত্বে উক্ত ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

### (গ) কৃষি পরিসংখ্যানের তথ্য সংগ্রহ ও সংকলন বিষয়ক প্রশিক্ষণ:

"স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ" প্রকল্পের আওতায় কৃষি পরিসংখ্যানের তথ্য সংগ্রহ ও সংকলন বিষয়ক প্রশিক্ষণ গত ১৮-১৯ এবং ২১-২২ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। ১৮-১৯ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৫০ জন এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৫০ জনসহ মোট ১০০ জন জেলা কর্মকর্তা মাস্টার ট্রেনার হিসেবে ঢাকায় বিবিএস-এর সদর দপ্তরে প্রশিক্ষণ প্রদান করা হয়। পরবর্তীতে তারা ২১-২২ জুন ২০১৭ তারিখে মাঠ পর্যায়ে ৫০টি জেলায় ৬৪টি জেলার বিবিএস এর ৯৫০ জন এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ৫৫০ জন মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করেন। ১৮ জুন ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব কে এম মোজাম্মেল হক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ জনাব মোঃ গোলাম ফারুক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব জনাব বিকাশ কিশোর দাস ও জনাব এ. বি. এম. জাকির হোসেন এবং বিবিএস-এর উপমহাপরিচালক জনাব মোঃ বাইতুল আমীন ভূঁইয়া উপস্থিত ছিলেন। বিবিএস এর মহাপরিচালক জনাব মো. আমীর হোসেন উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। দেশে উৎপাদিত প্রধান ফসল যেমন- ধান, আলু, গম ও ভুট্টার নির্ভরযোগ্য উৎপাদন পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে এবং দেশে খাদ্য ব্যবস্থাপনায় প্রয়োজনীয় টেকসই উন্নয়নের প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণে সহায়ক

ভুমিকা পালন এবং ফসলের নির্ভরযোগ্য তথ্য সরবরাহের মাধ্যমে খাদ্য শস্যের স্থিতিশীল বাজারমূল্য পরিস্থিতি বিরাজ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

### ৩.১.৭ এগ্রিকালচার উইং এর কর্ম পরিকল্পনা

১. কৃষি ও গ্রামীণ পরিসংখ্যান জরিপ-২০১৭ পরিচালনা;
২. কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ পরিচালনা এবং
৩. গবাদি পশু ও হাঁস মুরগি জরিপ ২০১৮ পরিচালনা কর।

## ৪.০ কম্পিউটার উইং

### ৪.১ কম্পিউটার উইং এর কার্যাবলি

- বিবিএস-এর চাহিদা মাফিক বিভিন্ন জরিপের Data Entry Screen তৈরি ও তার উন্নয়ন করা এবং বিদ্যমান Database এর পরিবর্তন পরিবর্ধন এবং নূতন Database তৈরি করা। এছাড়া বিবিএস এর অন্যান্য উইং কর্তৃক মাঠ পর্যায় হতে আহরিত তথ্য উপাত্ত ইলেকট্রনিক প্রযুক্তিতে ধারণ ও প্রক্রিয়াকরণ করা। নবসৃষ্ট বিভিন্ন প্রশাসনিক ইউনিটের জিও কোড (Geo-Code) প্রদান করা, বিদ্যমান Geo-code হালনাগাদ এবং রক্ষণাবেক্ষণ করা। বর্তমানে বিদ্যমান Geo-code System কে ইংরেজী ও বাংলা বানান প্রমিতকরণসহ RDBMS মডেলে রূপান্তর করার কাজ অব্যাহত আছে।
- কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে বিবিএস-এর জন্য দক্ষ জনবল তৈরি করা, হার্ডওয়্যার ও সফট্‌ওয়ার সেবা প্রদান নিশ্চিত করা। হার্ডওয়্যার ও সফট্‌ওয়ার সংক্রান্ত সমস্যা/ত্রুটি দ্রুত নিষ্পত্তি এবং রক্ষণাবেক্ষন সেবা নিশ্চিত করা।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্থাপিত Website পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং এ বিষয়ে যুগপোযোগী সেবা প্রদান নিশ্চিত করা।
- ডাটা সংরক্ষণে আধুনিক ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে পরিসংখ্যান সম্পর্কিত ডাটা/তথ্য যথাযথভাবে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা এবং ব্যবহারকারীদের ডাটা সরবরাহে দ্রুত সেবা প্রদান করা।
- বিবিএস এর IT স্থাপনা, কম্পিউটার সিষ্টেম, সার্ভার সিষ্টেম ইত্যাদি বিষয়ে পরিকল্পনা ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ, বাস্তবায়ন ও সমন্বয় সাধন করা এবং পরিসংখ্যান ব্যুরোতে স্থাপিত Network System সুষ্ঠুভাবে পরিচালনা ও মনিটরিং করা।

### ৪.২ কম্পিউটার উইং-এর ২০১৬-১৭ বছরের চলমান প্রকল্পসমূহের বিবরণ

### ৪.২.১ স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাস্তবায়নকাল : জুলাই ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত
আরম্ভঃ জুলাই ২০১২
সমাপ্তিঃ জুন ২০১৭

**প্রকল্পের উদ্দেশ্য:**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, তথ্য প্রকাশসহ রিপোর্ট রাইটিং বিষয়ে দক্ষতা বৃদ্ধিকরণ;
- বাংলাদেশের নারীর প্রতি সহিংসতা (Violence Against Women) বিষয়ক Time Series Data প্রস্তুতকরণ;
- আদমশুমারির তথ্য ও জিও ডাটাবেইজ ব্যবহার পূর্বক Small Area Atlas প্রস্তুতকরণ;
- শিক্ষা ও স্বাস্থ্য সেবা চিহ্নিত করে জিআইএস গণনা এলাকার মৌজা ম্যাপ সাম্প্রতিকরণ;
- স্যাম্পল ভাইটাল রেজিষ্ট্রেশন সিষ্টেম এবং জিআইএস তথ্যের গুণগত মান বৃদ্ধিকরণ এবং
- স্যাম্পল ভাইটাল রেজিষ্ট্রেশন সিষ্টেম এর তথ্য অন লাইনে ধারণসহ SVRS তথ্য বিশ্লেষণের জন্য কেন্দ্রীয় স্বতন্ত্র ল্যাব স্থাপন করা

**প্রাক্কলিত ব্যয়ঃ** ১৫৯৮.২৫ লক্ষ (জিওবি-৫৪০.২৫ লক্ষ, প্রকল্প সাহায্য-১০৫৮.০০ লক্ষ)

২০১৫-১৬ অর্থবছরে কাজের অগ্রগতি: ৯৮%

২০১৭ জুন পর্যন্ত কাজের অগ্রগত: ১০০%

### ৪.২.২ অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাস্তবায়নকালঃ সেপ্টেম্বর ২০১৪ হতে জুন ২০১৮ খ্রি.
আরম্ভঃ সেপ্টেম্বর ২০১৪ খ্রি.
সমাপ্তিঃ জুন ২০১৮ খ্রি.

প্রকল্পের উদ্দেশ্য:

- প্রকল্পের মাধ্যমে হেড অফিসের (৫ এমবিপিএস হতে ২০ এমবিপিএস) ইন্টারনেট উন্নীতকরণ এবং বিভাগ, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিসের সাথে ইন্টারনেট সংযোগ স্থাপন করা;
- হেড অফিসে স্থাপিত নেটওয়ার্ক এবং জেলা ও উপজেলার নেটওয়ার্ক রক্ষনাবেক্ষণ;
- বর্তমানে স্থাপিত ডিজিটাল আর্কাইভ সিস্টেমকে আরও উন্নীতকরণ;
- পরিসংখ্যান ভবনে আইসিটি সিকিউরিটি সিস্টেম স্থাপন;
- সফটওয়ার উন্নয়ন, অফিস অটোমেশন (ফাইল ম্যানেজমেন্ট, এইচআরএম, পে-রোল, ভেইকেল ম্যানেজমেন্ট, বাজেটিং এবং অডিটিং ইত্যাদি) ইন্ডাস্ট্রিয়াল পরিসংখ্যান, ফরেন ট্রেড পরিসংখ্যান, কৃষি পরিসংখ্যান ইত্যাদি এবং
- বিবিএস ও বিবিএস সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ প্রদান।

প্রাক্কলিত ব্যয়ঃ ১৮.৪২ লক্ষ টাকা
২০১৭ জুন পর্যন্ত কাজের অগ্রগতি: ৭৫%

২০১৬-১৭ অর্থ বছরে দেশে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:

| ক্রমিক নং | কোর্সের নাম | আয়োজনকারী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের তারিখ ও মেয়াদ | প্রশিক্ষণের স্থান | অংশগ্রহণকরীগণের পর্যায়/শ্রেণি | অংশগ্রহণকারীগণের সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | অন্যান্য সংস্থা |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| (1) | বেসিক কম্পিউটার প্রশিক্ষণ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ৯/৮/২০১৬ হতে ১০দিন | রংপুর বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় | ২য় শ্রেণি ৪ জন ও ৩য় শ্রেণি ২১ জন | - | ২৫ জন | - |
| (2) | বেসিক কম্পিউটার প্রশিক্ষণ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ১৫/১১/২০১৬ হতে ১০দিন | আইসিটি ল্যাব, পরিসংখ্যান ভবন | ৩য় শ্রেণি | - | ২৫ জন | - |
| (3) | বেসিক কম্পিউটার প্রশিক্ষণ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ৩০/১১/২০১৬ হতে ১০দিন | আইসিটি ল্যাব, পরিসংখ্যান ভবন | ২য় শ্রেণি ৩ জন ও ৩য় শ্রেণি ২১ জন | ১০ জন | ১৫ জন | - |
| (4) | Python Software | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ২২/২/২০১৭ খ্রি. ১দিন | আইসিটি ল্যাব, পরিসংখ্যান ভবন | ১ম শ্রেণি | ০৪ জন | ২০ জন | - |
| (5) | বেসিক কম্পিউটার প্রশিক্ষণ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ১৮/৪/২০১৭ হতে ১০দিন | রাজশাহী বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় | ২য় শ্রেণি ৩ জন ও ৩য় শ্রেণি ২১ জন | - | ২৪ জন | - |
| (6) | বেসিক কম্পিউটার প্রশিক্ষণ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ২৮/৫/২০১৭ হতে ১০দিন | বরিশাল বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় | ২য় শ্রেণি ৩ জন ও ৩য় শ্রেণি ২৭ জন | - | ৩০ জন | - |

| ক্রমিক নং | কোর্সের নাম | আয়োজনকারী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের তারিখ ও মেয়াদ | প্রশিক্ষণের স্থান | অংশগ্রহণকরীগণের পর্যায়/শ্রেণি | অংশগ্রহণকারীগণের সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | অন্যান্য সংস্থা |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| (7) | বেসিক কম্পিউটার প্রশিক্ষণ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ২৮/৫/২০১৭ হতে ১০দিন | নোয়াখালী জেলা পরিসংখ্যান কার্যালয় | ২য় শ্রেণি ৪ জন ও ৩য় শ্রেণি ২০ জন | - | ২৪ জন | - |
| (8) | Office Automation Software | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ০৭/০৫/২০১৭ হতে ২২/৫/২০১৭ ৫দিন | আইসিটি ল্যাব, পরিসংখ্যান ভবন | ১ম শ্রেণি ৬০ জন ২য় শ্রেণি ২০ জন ৩য় শ্রেণি ৮০ জন | ৩৩ জন | ১২৭ জন | - |
| (9) | বেসিক কম্পিউটার প্রশিক্ষণ | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ২৯/৫/২০১৭ হতে ১০দিন | আইসিটি ল্যাব, পরিসংখ্যান ভবন | ১ম শ্রেণি ২০ জন ও ৩য় শ্রেণি ২৪ জন | - | ৪৪ জন | - |
| (10) | Administrative | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প | ৩০/৫/২০১৭ হতে ৫দিন | আইসিটি ল্যাব, পরিসংখ্যান ভবন | ১ম শ্রেণি ১০ জন | - | ১০ জন | - |

### ৪.২.৩ ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাস্তবায়নকাল : এপ্রিল ২০১৫-ডিসেম্বর ২০১৭
আরম্ভ : এপ্রিল ২০১৫
সমাপ্তি : ডিসেম্বর ২০১৭

প্রকল্পের উদ্দেশ্যঃ

- ❑ স্বাধীনতার পর হতে এ যাবত প্রকাশিত বিবিএস এর প্রকাশনাসমূহ অর্থাৎ প্রায় ১৫ (পনের) লক্ষ পৃষ্ঠা ডিজিটাইজ করা এবং এতে সার্চিং অপশন সংযোজন করা;
- ❑ বিভিন্ন সংস্থা হতে অনলাইন পদ্ধতিতে ডাটা/তথ্য সংগ্রহ করে ব্যুরোর নিয়মিত প্রকাশনা (পরিসংখ্যান পকেটবুক, পরিসংখ্যান বর্ষগ্রন্থ) স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা;
- ❑ সাধারণভাবে জনসাধারণের জন্য এবং বিশেষভাবে পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকগণের জন্য পরিসংখ্যান ব্যুরোর প্রকাশনাসমূহ সহজলভ্যকরণ;
- ❑ অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশনের উদ্দেশ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে (সরকারি-বেসরকারি) ওয়েব এন্যাবল্ড সফটওয়ার ও মোবাইল apps প্রস্তুত করা এবং
- ❑ বিবিএস-এ ডিজিটাইজেশেন ও অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রক্রিয়ার প্রাতিষ্ঠানিক রূপদান করা।

প্রাক্কলিত ব্যয়ঃ : ৭৩৪.০০ লক্ষ টাকা।
২০১৬-১৭ অর্থবছরে কাজের অগ্রগতি : (৯৪.৯৫%)

(১) অর্জনের/সাফল্যের বিষয়:

- ❑ প্রকল্পের মূল কাজ সম্পাদনের জন্য নির্বাচিত প্রতিষ্ঠান (Synesis IT LTD (JV) (Lead Firm), Level-3, BDBL Bhaban, 12, Karwanbazar, Dhaka)-এর সাথে চুক্তি সম্পাদন ;
- ❑ Synesis IT LTD (JV) প্রতিষ্ঠান কর্তৃক অর্পিত কাজের উপর প্রদানকৃত Inception Report এর উপর ২৭-০৪-২০১৭ খ্রি. তারিখে একটি ওয়ার্কশপ অনুষ্ঠান করা ;

- কনসালটিং ফার্ম পরিসংখ্যান ভবনের ৪র্থ তলার ব্লক-এ-তে ডিজিটাইজেশনের কাজ নিয়মিতভাবে সম্পাদন করে আসছে, এ পর্যন্ত মোট ২৪০০ টি বিবিএস পাবলিকেশন্স ডিজিটাইজেশন সম্পন্ন হয়েছে এবং যাচাই-বাছাই এর পর মোট ৮০০ টি বিবিএস পাবলিকেশন্স বিবিএস সার্ভারে আপলোড করা হয়েছে;
- সার্ভারে আপলোডকৃত বিবিএস পাবলিকেশন্স এর Indicator Wise Searching অপশন সংযোজন করা হয়েছে;
- এছাড়াও কনসালটিং ফার্ম কর্তৃক অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন বিষয়ে সফটওয়ার ডেভেলপমেন্টের কাজ চলমান আছে ;
- ডিজিটাইজেশন অংশের মোবাইল apps প্রস্তুতের কাজ সমাপ্ত হয়েছে, বর্তমানে বিবিএস সার্ভারে Upload এর কাজ চলমান আছে ;
- Synesis IT LTD (JV) প্রতিষ্ঠান কর্তৃক ২য় পর্যায়ের সম্পাদিত কাজের উপর একটি উপস্থাপনার সভা গত ১৮-০৬-২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে।

## ২০১৬-১৭ অর্থ বছরে ডাটা বিক্রয় সংক্রান্ত তথ্য

| ক্র: নং | তথ্য-উপাত্তের বিবরণ | দেশে বিক্রয়ের পরিমাণ (টাকা) | বিদেশে বিক্রয়ের পরিমাণ (ইউ. এস, ডলার) | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | HIES, SVRS, LFS, MICS, SUR, VAW, CENSUS, ISS, SMI/CMI | প্রোগ্রামিং ও ডাটা সংরক্ষণ শাখায় জুন/১৭ মাস পর্যন্ত ২২,৪৪,৫০০/=(বাইশ লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচ শত ) টাকার ডাটা বিক্রয় করা হয়েছে। | - | দেশীয় তথ্য ব্যবহারকারীদের নিকট |

## কম্পিউটার উইং এর ২০১৬-১৭ বছরের উল্লেখযোগ্য অর্জন

অর্জনের/সাফল্যের বিষয়:

- কম্পিউটার উইং বিবিএস এর একটি Service Oriented Wing। কম্পিউটার উইং বিবিএস এর সকল উইং/প্রকল্পে তাদের চাহিদা অনুযায়ী ICT সম্পর্কিত Service প্রদান করে আসছে।
- স্টেনদেনিং জিও কোড সিস্টেম কর্মসূচির আওতায় ৬৪টি জেলার বিভাগ হতে গ্রাম পর্যায় পর্যন্ত বাংলা ও ইংরেজী নামের বানান যাচাই বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তকরণের কাজ সম্পন্ন করা হয়েছে।
- বিবিএস এর সকল উইং/প্রকল্পের কম্পিউটারসহ ICT যন্ত্রগুলো নিরবচ্ছিন্নভাবে চলতে সহযোগিতা করা এবং নিরবচ্ছিন্নভাবে Internet Connection সচল রাখতে সার্ভার রুম সর্বদা রক্ষণাবেক্ষণ করা।
- Violence Against Women (VAW) Survey-2015 এর রিপোর্ট প্রকাশিত হয়েছে।
- কম্পিউটার উইং এর ডাটা বিক্রয় শাখা থেকে জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত সর্বমোট ১৭,৭১,৩০৫.০০ টাকার ডাটা বিক্রয় করা হয়েছে।
- বিবিএস এর ওয়েবসাইটে নতুন তথ্য ও রিপোর্ট প্রকাশ করা হয়েছে। এর মাঝে উল্লেখযোগ্য হলো- নিউজলেটার (জানুয়ারি-মার্চ, ২০১৫), Survey on Private Sector Gross Capital Formation in Cultivated Biological Resources-2014, Bangladesh National Accounts Statistics: Sources & Methods, মিষ্টিকুমড়া, ফুলকপি ও মরিচ ফসলের উৎপাদনশীলতা জরিপ এর রিপোর্ট-২০১৪, SVRS Report-2016, আনারস, কলা ও হলুদ ফসলের উৎপাদনশীলতা জরিপ এর রিপোর্টসমূহ, Population & Housing Census-2011 এর বিভিন্ন কমিউনিটি রিপোর্ট ওয়েবসাইটে প্রতিনিয়ত প্রকাশ করা হয়।
- কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন পদের পরীক্ষার্থীদের কম্পিউটার ব্যবহারিক পরীক্ষাসহ বিভিন্ন প্রকার ICT Training যেমন- e-GP Training, Development of Web-based Census Data Dissemination Application Using REDATAM Technology, Open Street Mapping, Productivity Assessment Survey of different Agricultural Crops Program Training প্রভৃতি ICT Lab এ অনুষ্ঠিত হয়েছে।
- GIS কর্মসূচির GPS এর মাধ্যমে বিভিন্ন জেলার শিক্ষা ও স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ম্যাপে চিহ্নিতকরণ।

- Optical Data Archive and Networking (2nd Phase) Project এর আওতায় বিবিএস-এ Access Control স্থাপন করা হয়েছে।
- National Accounting Wing থেকে প্রতিনিয়ত বৈদেশিক বাণিজ্য সম্পর্কিত সরবরাহকৃত ডাটা হতে বিভিন্ন আংগিকে সারণী প্রস্তুতকরণ এবং NAW এর প্রয়োজন অনুযায়ী প্রস্তুতকৃত সারণী প্রেরণ অব্যহত রয়েছে।
- প্রশাসন ও হিসাব শাখায় প্রতিনিয়ত উইং এর কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা হালনাগাদ এবং উইং এর জনবলের বেতনভাতাদি পরিশোধে ব্যবস্থা করে থাকে।
- সমন্বয় শাখা থেকে প্রতি মাসে উইং এর কর্মকান্ডের জন্য সমন্বয় সভার আয়োজন করা হয়ে থাকে এবং বিভিন্ন শাখার অগ্রগতি তথা উইং এর উন্নয়নে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হচ্ছে।

**কম্পিউটার উইং-এর** ভবিষ্যৎ পরিকল্পনার উল্লেখযোগ্য দিক**:**

| Enhancement of ICT Involvement in Statistical System. | Medium and Long-term Strategic Goals | |
|---|---|---|
| | 1. | Decentralization of ICT process in Statistical System |
| | 2. | Capacity Building of ICT, Category & GIS professionals |
| | 3. | Development of efficient data management system & maintenance |
| | 4. | Time-Need global ICT cooperation & data development (using GIS System) |
| | 5. | Statistical data management system, software including statistical data and metadata exchange (SDMX) |
| | 6. | Setting up of National Data Resource & Processing Centre |
| | 7. | Data Archiving & Networking |
| | 8. | Forwarding to Cloud Computing |

**Future Plan under NSDS:**

- Developing Automated Data Capturing Templates for all surveys and censuses in different formulas so that data collection and capturing can be completed quickly, which will reduce the time and cost and increase the efficiency of statistical process.
- Building an automated data management system and maintaining a strong disaster management system.
- Establishing a cloud computing system, the integration of many servers, which will create support work on many PCs at a time using the same software- MS Word, Excel, SPSS, STATA.
- Introducing Big-data initiative in collaboration with relevant agencies such as MoICT, A2i, BCC etc. under informatics strategy of SID.
- Gradually developing paperless offices.
- Computer Wing has started e-filling work.

## ৫.০ ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং

ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং স্বাধীনতা-উত্তরকালে ১৯৭৩ সালে সর্বপ্রথম মোট দেশজ উৎপাদন (জিডিপি) হিসাব তৈরির মধ্য দিয়ে তার কার্যক্রম শুরু করে। এ উইংয়ের প্রধান প্রধান কাজ হলো চলতি ও স্থিরমূল্যে জাতীয় আয়-ব্যয় হিসাব প্রস্তুত, কৃষি ও শিল্প খাতে মজুরি নির্ধারণ, গ্রামীণ ও শহর অঞ্চলের জীবনযাত্রার ব্যয় সূচক (সিপিআই) তৈরি, খাদ্যপণ্য (food) ও খাদ্য বহির্ভূত পণ্যের (non-food) মূল্যসূচক, শিল্প উৎপাদন সূচক, বাড়ি ভাড়া সূচক, বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান ইত্যাদি নিরূপণ ও প্রকাশ করা। এছাড়াও আন্তর্জাতিক মান বজায় রাখার লক্ষ্যে জাতিসংঘ কর্তৃক প্রণীত পরিসংখ্যান নীতিমালা অনুসরণপূর্বক সময় সময় বিভিন্ন সূচক ও কার্যক্রম হালনাগাদ করা হয়।

### ৫.১ ন্যাশনাল একাউন্টিং উইং এর প্রকাশনাসমূহ

- National Accounts Statistics (Provisional Estimates of GDP, 2016-17 and Final Estimates of GDP, 2015-16);
- পরিসংখ্যান পকেট বুক ২০১৬;
- পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৬;
- Foreign Trade Statistics (FTS) of Bangladesh 2014-15;
- মাসিক পরিসংখ্যান বুলেটিন - ৫ সংখ্যা;
- মাসিক শিল্প উৎপাদন সূচক (QIIP) সম্বলিত Industrial Production Statistics (IPS) প্রকাশনা- ১২ সংখ্যা;
- ভোক্তা মূল্য সূচক, মূল্যস্ফীতি ও মজুরী হার সূচক সম্বলিত মাসিক Consumer Price Index (CPI) প্রকাশনা-১২ সংখ্যা;
- বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান সম্বলিত মাসিক Foreign Trade Statistics (FTS) প্রকাশনা - ১২ সংখ্যা;
- জিডিপি প্রবৃদ্ধির হার [2016-17 (p)] 7.24%
- মাথাপিছু আয় [2016-17 (p)] 1602 মার্কিন ডলার।

**(ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/বিবিএস কর্তৃক পরিচালিত হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) প্রকল্পের ২০১৬-১৭ অর্থ বছরের তথ্যের বিবরণ:**

উইং : ন্যাশনাল একাউন্টিং উইং।
প্রকল্পের নাম : হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) প্রকল্প।
বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
বাস্তবায়ন কাল : ১ জুলাই, ২০১৪ হতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত।
(No cost Extension, জুন, ২০১৮ পর্যন্ত)
আরম্ভ : ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ।
সমাপ্তি : ৩০ জুন, ২০১৮ পর্যন্ত।
প্রকল্পের উদ্দেশ্য :

- জেলা পর্যায়ে দারিদ্র্য ও বৈষম্য এবং এতদসম্পর্কীয় পরিসংখ্যান নিরুপণ;
- সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচির ফলাফল এবং তার আওতা (Coverage) দেখা;
- সিপিআই এবং ব্যয় ভিত্তিক জিডিপির জন্য গুরুভার (Weight) নির্ণয়ে তথ্য সরবরাহ করা;
- আয় এবং দারিদ্র্য এর গতিপ্রকৃতির উপর একটি প্যানেল স্টাডির জন্য একটি বেঞ্চমার্ক তথ্য পাওয়া এব সেই সঙ্গে দারিদ্র্য ও বৈষম্যের উপর একটি পলিসি ব্রিফ তৈরি করা এবং
- প্রথমবারের মত দেশের জেলা পর্যায়ে দারিদ্র্য পরিমাপ এবং জাতীয়ভাবে কোয়ার্টারলি পরিমাপ নির্ণয় করা।

প্রাক্কলিত ব্যয় : ২২০২.৫০ লক্ষ টাকা।
২০১৬-১৭ অর্থ বছরের কাজের অগ্রগতি: আর্থিক ৭৪.২৭% (প্র:সা:সহ) এবং ৮৫.৩৬% (জিওবি)।
: বাস্তব ৯০%।
২০১৭ জুন পর্যন্ত কাজের অগ্রগতি : আর্থিক ৫৯.০২%
: বাস্তব ৮০%।

**২০১৬-১৭ অর্থবছরে দেশে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:**

| ক্র: নং | কোর্সের নাম | আয়োজনকারী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের তারিখ ও মেয়াদ | প্রশিক্ষণের স্থান | অংশগ্রহণকারীগণের পর্যায়/শ্রেণি | অংশগ্রহণকারীগণের সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | অন্যান্য সংস্থা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ০১ | ২য় রিফ্রেসার ট্রেনিং | **HIES** প্রকল্প | ২ (দুই)দিন ব্যাপী ০৫/১০/১৬ খ্রি: হতে ০৬/১০/১৬ খ্রি: পর্যন্ত | বিবিএস কনফারেন্স কক্ষ | ১ম, ২য় ও ৩য় শ্রেণির কর্মকর্তা/ কর্মচারী | - | ২৭৫ | - | ২৭৫ |
| ০২ | **Training on Survey Design and Sampling Technique** | ঐ | ১০ (দশ) দিন ব্যাপী ০৬/০৬/১৭ খ্রি: হতে ১৯/০৬/১৭ খ্রি: পর্যন্ত | ঐ | ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা | ৫ | ১৫ | - | ২০ |
| ৩ | | | | | | ৫ | ২৯০ | - | ২৯৫ |

**হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে** (HIES) **প্রকল্পের ২০১৬-১৭ অর্থবছরের উল্লেখযোগ্য সাফল্য:**

**সাফল্যের বিষয়ের নাম**: জাতীয়ভাবে এবং জেলা পর্যায়ে বাংলাদেশের দারিদ্র্য হার নিরুপণ।

**সময়:** প্রকল্পের মেয়াদকাল ১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ পর্যন্ত। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ ১ এপ্রিল, ২০১৬ খ্রি: তারিখে শুরু হয়ে ৩০ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

**অর্জন :** মোট ১২৮টি টিমের ২৫৬ জন তথ্য সংগ্রহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটরের মাধ্যমে সারাদেশ ব্যাপী ২৩০৪টি গণনা এলাকার ৪৬০৭৬টি খানা থেকে তথ্য সংগ্রহ করা হয়। এ কাজে বিভাগীয় পর্যায়ে ৭ জন ও জেলা পর্যায়ে ৬৪ জন কর্মকর্তা বছরব্যাপী তথ্য সংগ্রহের কাজ সরেজমিনে তদারকী করেন। SID ও BBS এর উর্দ্ধতন কর্মকর্তা তথ্যের মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য সংগে সংগে ল্যাপটপে ধারণ করা হয়েছে এবং Inconsistency যাচাইপূর্বক ও পর্যালোচনা করে চূড়ান্ত রিপোর্টের জন্য প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এপ্রিল-জুন, ২০১৬ সময়ের জন্য ত্রৈমাসিক দারিদ্র্য হার প্রকাশ করা হয়েছে। সে মোতাবেক এপ্রিল-জুন ২০১৬ সময়ের দারিদ্র্য হার ২৩.২% এবং অতি দারিদ্র্য হার ১২.৯%।

**এ অর্জনের উপযোগিতা:**

- দেশের জেলা পর্যায়ে দারিদ্র্য হার নির্ণয় এবং জেলভিত্তিক বৈষম্য নিরুপণ করা।
- সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচির ফলাফল এবং তার আওতা দেখা।
- সিপিআই এবং ব্যয় ভিত্তিক জিডিপির জন্য গুরুভার (weight) নির্ণয়ের জন্য তথ্য সরবরাহ করা।
- আয় এবং দারিদ্র্য এর গতিপ্রকৃতির উপর একটি প্যানেল স্টাডির জন্য একটি বেঞ্চমার্ক তথ্য পাওয়া এবং সেই সংগে দারিদ্র্য বৈষম্যের উপর পলিসি ব্রিফ তৈরি করা।

**ভবিষ্যৎ পরিকল্পনার উল্লেখযোগ্য দিক:**

| ক্রমিক নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন করা হবে | বাস্তবায়নের অভীষ্ট সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | HIES জরিপের Frequency বৃদ্ধি করে ২০১৯ সালে পরবর্তী HIES জরিপ অনুষ্ঠনের জন্য ব্যপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে Poverty Line নির্ণয়ের জন্য খাদ্য ক্যালরীর হার পূণ: নির্দ্ধারণ করতে হবে। সে জন্য বর্তমানে ব্যবহৃত ১১টি খাদ্য সামগ্রীর পরিবর্তে HIES ২০১৬ এর Consumption Pattern ব্যবহার করে খাদ্য সামগ্রীর সংখ্যা বাড়াতে হবে। এ জন্য বিশেষজ্ঞ সমন্বয়ে একটি জাতীয় কমিটি গঠন করে উক্ত কমিটির মাধ্যমে খাদ্য ক্যালরীর পরিমান পূণ: নির্ধারণ করতে হবে। এতে দারিদ্র্য পরিমাপের প্রভূত উন্নতি সাধিত হবে এবং দারিদ্র্য হারের সঠিক চিত্র পাওয়া যাবে। | দারিদ্র্য পরিমাপকে হালনাগাদ ও উন্নত করা | বর্তমান প্রকল্প হতে প্রাথমিক ব্যয় মিটানো হবে। পরবর্তী জরিপের বাজেট পরে জানানো হবে। | নতুন প্রকল্প গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। | ডিসেম্বর ২০২০ | |

## ৫.২ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল [Environment, Climate Change and Disaster Statistics (ECDS) Cell]

জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক চাহিদার কথা বিবেচনা করে পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ বিষয়ে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (2016-2020) এর জন্য তথ্য উপাত্তের ভিত্তি মজুবুতকরণ, জাতিসংঘ কর্তৃক প্রস্তুতকৃত বৈশ্বিক নীতিমালা হিসেবে Sustainable Development Goals (SDGs) 2016-2030 এর টার্গেট অনুযায়ী ইন্ডিকেটর চিহ্নিতকরণ, Sendai Framework for Disaster Risk Reduction (SFDRR) 2016-2030, The Paris Agreement 2015, Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP) প্রভৃতি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নকল্পে এসংক্রান্ত পরিসংখ্যান সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় পরিকল্পনা মন্ত্রণালয়াধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গত ১৫/০৫/২০১৬ খ্রি. তারিখে "পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল বিবিএস এ প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্রে (NSDS) ০৪ টি গোলের আওতায় ১৩ টি উন্নয়নমূলক ইন্ডিকেটর, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এর ডেভেলপমেন্ট রেজাল্ট ফ্রেমওয়ার্ক (DRF) এর অগ্রাধিকারমূলক ১০ টি পারফরম্যান্স ইন্ডিকেটর, সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (SFDRR) এর ০৪ টি অগ্রাধিকারমূলক পরিকল্পনার (Priorities for Action) ০৭ টি টার্গেট, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (SDGs) এর ক্রস কাটিং ইস্যু হিসেবে ১১৪টি ইন্ডিকেটর ও সরাসরি ৫৩ (তিপ্পান্ন) টি ইন্ডিকেটর অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করার দায়বদ্ধতা বিবিএস এর রয়েছে।

**সেলের কর্ম-পরিধি:**

- ❑ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার সাথে এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয়পূর্বক দলিল দস্তাবেজ এবং তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- ❑ পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সর্ম্পক বিভাগ, পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, জরিপ অধিদপ্তর, আবহাওয়া অধিদপ্তর, স্পার্সো প্রভৃতির সাথে যোগাযোগ ও সমন্বয়পূর্বক এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রকাশ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;

- আন্তর্জাতিক/আঞ্চলিক উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারি সংস্থা (এনজিও), বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট গবেষক, পরিবেশবিদ প্রভৃতির সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় সমন্বয় ও সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ গ্রহণ করা;
- পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন নিয়ে উন্নয়ন সহযোগী সংস্থাসহ অংশিজনদের (Stakeholder) সমন্বয়ে সুবিধাজনক সময়ে কর্মশালা/সেমিনার/সভা ইত্যাদি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা এবং
- জাতীয়/আঞ্চলিক/আন্তর্জাতিক দলিল দস্তাবেজের উপর ভিত্তি করে যথাযথ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাপূর্বক উন্নয়ন সহযোগী সংস্থা ও অংশিজনদের সাথে পরামর্শক্রমে এসংক্রান্ত পরিসংখ্যানের ভিত্তি-উপাত্ত স্থির করাসহ প্রকল্প দলিল প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বাস্তবায়ন করা।

**সেলের কার্যক্রম:**

### ক) Bangladesh Environmental Statistics Framework (BESF) 2016-2030 প্রণয়ন

পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেলের কার্যক্রম শক্তিশালীকরণের লক্ষ্যে পারস্পরিক সহযোগিতা ও অংশিদারিত্বের ভিত্তিতে "Bangladesh Environmental Statistics Framework (BESF) 2016-2030" প্রণয়নের নিমিত্ত বিবিএস এবং সাধারণ অর্থনীতি বিভাগ **(GED)**, পরিকল্পনা কমিশনের মধ্যে গত ১৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রি. তারিখে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। সংশ্লিষ্ট ৫৭ (সাতান্ন) টি স্টেকহোল্ডার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে প্রণয়নকৃত Framework টি পরিবেশ বিষয়ক পরিসংখ্যান প্রণয়নে সহায়ক নির্দেশিকা/হ্যান্ডবুক/রেফারেন্স বুক হিসেবে সহায়ক হবে। এই Framework টি পরবর্তী ১৫ (পনের) বছর এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও প্রকাশে কৌশলগত কর্ম-পরিকল্পনা এবং সমন্বিত প্লাটফরম হিসেবে বিবেচিত হবে। বাংলাদেশ তথা বিবিএস পরিবারে এটি একটি সম্পূর্ণ নতুন এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবেশ বিষয়ক কৌশলগত কর্ম-পরিকল্পনা। দুইটি Expert Group Workshop এ অংশগ্রহণকারী কর্মকর্তাগণের গুরুত্বপূর্ণ মতামত এবং United Nations Framework for Development of Environment Statistics (UNFDES) 2013 এর গাইডলাইনে SDGs, Sendai Framework for Disaster Risk Reduction (SFDRR), BCCSAP, the Paris Agreement, Multilateral Environmental Agreement (MEA), 7$^{th}$ FYP, ধারাবাহিক অন্যান্য কর্ম-পরিকল্পনার উপর ভিত্তি করে Bangladesh Environmental Statistics Framework (BESF) 2016-2030 প্রস্তুত করা হয়েছে।

### খ) Compendium of Bangladesh Environmental Statistics 2017 প্রণয়ন

বিবিএস সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশনের সার্বিক সহযোগিতায় এবং UNDP-UNPEI এর আর্থিক সহায়তায় Bangladesh Environmental Statistics Framework (BESF) 2016-2030 প্রণয়ন করেছে। উক্ত Framework এর ১৫ টি স্ট্রাটেজিক গোলের অন্যতম Compendium of Bangladesh Environmental Statistics 2017 প্রণয়ন করা। ইতোমধ্যে স্টেকহোল্ডারদের মতামতের উপর ভিত্তি করে Compendium of Bangladesh Environmental Statistics 2017 এর Statistical Templates and Tabulation Plan চূড়ান্ত করা হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা হতে তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক Compendium টি প্রণয়নের কাজ চলছে। আগামী জুন ২০১৮ সালের মধ্যে Compendium টি প্রণয়নপূর্বক প্রকাশের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। সংগৃহীত সেক্টরাল তথ্য-উপাত্ত দ্বারা United Nations System of Environmental Economic Accounting (SEEA) এর আওতায় ক) Poverty Environment Accounts (PEA) খ) Natural Resource Accounts যথাক্রমে Land & Soil, Water, Forest, Natural Gas, Energy, Experimental Eco-system Accounts etc. গ) UN-ESCAP-এর Disaster-related Statistics Framework (DRSF) এর আওতায় Bangladesh: Climate Change and Disaster-related Statistics প্রভৃতি পর্যায়ক্রমে ২০২৩ সালের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হবে। Compendium of Bangladesh Environmental Statistics 2017 প্রণয়ন করা সম্ভব হলে Sustainable Development Goals (SDGs), Sendai Framework for Disaster Risk Reduction (SFDRR), 7$^{th}$ FYP, BCCSAP, Paris Agreement, Multilateral Environmental Agreement (MEA) প্রভৃতির সংশ্লিষ্ট রেজিলিয়েন্ট ইন্ডিকেটরসমূহ মূল্যায়ন ও পরিবীক্ষণে সহায়তা করবে।

## ৬.০ সেন্সাস উইং

সেন্সাস উইং দেশের জনসংখ্যা, গৃহায়ণ, কৃষি ও অর্থনীতির ওপর পিরিয়ডিক শুমারি ও তৎসংশ্লিষ্ট জরিপ পরিচালনা করে থাকে। এছাড়া শুমারি মধ্যবর্তী সময়ে বিভিন্ন বিষয়ে এডহক শুমারি ও জরিপ পরিচালনা করে। এ উইং দুটো শুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার প্রাক্কলন এবং তৎপরবর্তী সময়ে দীর্ঘকালিন জনসংখ্যার প্রক্ষেপণ (Projection) করে থাকে। এ উইং চাহিদার ভিত্তিতে জনসংখ্যা ও এ সংক্রান্ত তথ্য বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে সরবরাহ করে থাকে। আদমশুমারি ও গৃহগণনা ছাড়াও অন্যান্য শুমারি যেমন কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি এ উইংয়ের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। এ ছাড়া এ উইং কর্তৃক দেশের মৎস্য ও প্রাণিসম্পদের উপর একটি শুমারি পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ৬.১ সেন্সাস উইং-এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের চলমান প্রকল্পসমূহের বিবরণ

### ৬.১.১ ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প

**প্রকল্পের নাম** : ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প

**বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

**বাস্তবায়নকাল** :

আরম্ভ : ০১ জুলাই ২০১৩ খ্রি.

সমাপ্তি : ৩১ ডিসেম্বর ২০১৮ খ্রি.

**প্রকল্পের উদ্দেশ্য :**

- দেশের সকল জনগোষ্ঠীর খানাভিত্তিক জনমিতিক ও অন্যান্য তথ্য সংগ্রহের মাধ্যমে একটি ডাটাবেইজ প্রণয়ন;
- প্রতিটি খানার আর্থ-সামাজিক অবস্থার নির্দেশক স্কোরসহ ডাটাবেইজ প্রণয়ন;
- বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের মধ্যে যোগসূত্র স্থাপন এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপজেলা থেকে শুরু করে সকল প্রশাসনিক মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার ব্যবহার উপযোগীকরণ;
- সরকারের গৃহীত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পে সঠিকভাবে দরিদ্র জনগোষ্ঠীকে লক্ষ্যভুক্ত (Target) করা এবং লক্ষ্যভুক্তির কৌশল সহজতর করা;
- অতিদরিদ্র জনগোষ্ঠীর উদ্দেশ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচি/প্রকল্পের Overlapping ও Omission পরিহারে সহায়তা করা;
- একটি সমন্বিত সামাজিক নিরাপত্তা নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচিকে সুপ্রতিষ্ঠিত (Consolidate) করতে সহায়তা করা;
- দেশের সকল নাগরিকের জীবনমান উন্নয়নে সরকারের বহুবিধ উন্নয়নমূলক কর্মসূচি পরিচালনায় সরকারি বেসরকারি পর্যায়ে সকল ব্যবহারকারীর তথ্য-উপাত্তের চাহিদা পূরণ করা।

**প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা):**

১) জিওবি : ৩৯৯৬.০৮ লক্ষ টাকা

২) আরপিএ : ৬৫৯৪৯.৯২ লক্ষ টাকা

৩) মোট ব্যয় : ৬৯৯৪৬.০০ লক্ষ টাকা

২০১৬-১৭ অর্থবছরে আর্থিক অগ্রগতি: ৬২.৪৮%

২০১৭ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি: ২২.৬২%

**২০১৬-১৭ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি:**

- **ট্রেনিং ফার্ম নিয়োগ:** এনএইচডি প্রকল্পের আওতায় দেশের সকল খানা হতে তথ্য সংগ্রহের লক্ষ্যে সমগ্র গণনাকারী ও সুপারভাইজারদের মানসম্মত প্রশিক্ষণ প্রদান, এ সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ উপকরণ সরবরাহ প্রভৃতি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ট্রেনিং ফার্ম TMSS এর সঙ্গে গত ১৩ নভেম্বর ২০১৬ খ্রি. তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের অংশ হিসেবে ১ম ফেইজে রংপুর বিভাগের ০৮ টি জেলা, বরিশাল বিভাগের ০৬ টি জেলা এবং ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর জেলাসহ মোট ১৭ টি জেলায় জোনাল অপারেশন এবং চূড়ান্ত শুমারি কার্যক্রমে ট্রেনিং ফার্ম TMSS

মাষ্টার ট্রেইনার ও জোনাল অফিসারদের প্রশিক্ষণ প্রদানে সহযোগিতা করেছে। আগামী নভেম্বর, ২০১৭ হতে ২য় ফেইজের চূড়ান্ত শুমারি কার্যক্রম অনুষ্ঠানের কর্ম-পরিকল্পনা করা হয়েছে এবং সে অনুযায়ী প্রশিক্ষণ ফার্মের কার্যক্রমের সম্ভাব্য টাইমলাইন সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ ফার্ম TMSS এর সাথে সম্পাদিত চুক্তি ১৫ জুন ২০১৭ তারিখ হতে কার্যকর হয়েছে। গত ১৭ জুন ২০১৭ খ্রি. তারিখে প্রকল্প পরিচালক, এনএইচডি প্রকল্প এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠানের মাধ্যমে এ সংক্রান্ত বিষয়ে সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন করা হয়।

- ❑ **প্রচার (পিআইসি) ফার্ম নিয়োগ:** এনএইচডি প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে সঠিক তথ্য প্রদানে জনগণকে উদ্বুদ্ধকরণের জন্য প্রচার সামগ্রী তৈরি, বিতরণ ও প্রচার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ডিডিসি লিমিটেড এর সাথে গত ১৩ নভেম্বর ২০১৬ খ্রি. তারিখে চুক্তি সম্পাদিত হয় যা ১৮ ডিসেম্বর ২০১৬ খ্রি: তারিখ থেকে কার্যকর হয়। গত ০৭ মে ২০১৭ খ্রি. তারিখে প্রচারণা ফার্মের সাথে ১ম ফেইজের জন্য সম্পাদিত চুক্তির মেয়াদ শেষ হয়েছে।
- ❑ ICR **ফার্ম নিয়োগ:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র "ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ" প্রকল্পের আওতায় Questionnaire Printing, Data Capture and Processing using ICR Technology (SF-১) পরামর্শক সেবার জন্য Xerox India Ltd. (India) [Lead Firm], IOE (Bangladesh) [Sub-Consultant] and TOP Image System (TIS) (Germany) [Sub-Consultant] এর সাথে গত ২২ নভেম্বর ২০১৬ খ্রি. তারিখে অত্র প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় এবং গত ০৯ জানুয়ারি ২০১৭ খ্রি. তারিখ থেকে উক্ত চুক্তি কার্যকর হয়। ১ম ফেইজে ১১ মিলিয়ন প্রশ্নপত্র আইসিআর ফার্ম কর্তৃক মুদ্রণপূর্বক তা মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজে ব্যবহার করা হয়। বর্তমানে মাঠপর্যায় হতে পূরণকৃত প্রশ্নপত্রসমূহ আইসিআর ফার্ম কর্তৃক স্ক্যানিং ও ডাটা ক্লিনিং এর কার্যক্রম চলমান রয়েছে।
- ❑ **ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ:** ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের আওতায় গত ১০ অক্টোবর ২০১৬ খ্রি. তারিখে উপজেলা পর্যায়ে ৫৪৫ জন ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ প্রদান করা হয়। সে অনুযায়ী ১৬ অক্টোবর ২০১৬ খ্রি. তারিখের মধ্যে ডাটা এন্ট্রি অপারেটরগণ নিজ নিজ জেলার জেলা পরিসংখ্যান কার্যালয়ে যোগদান করেন।
- ❑ **প্রকিউরমেন্ট:** এনএইচডি প্রকল্পের আওতায় ১ম ফেইজের কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে গণনাকারী ও সুপারভাইজারদের জন্য ৬৫,০০০টি ব্যাগ, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও জেলা শুমারি সমন্বয়কারীগণের জন্য ৪০০টি ব্যাগ, লেভেল স্টিকার ২,০০,০০০টি, কার্টন ৮,০০০টি, ডেস্কটপ কম্পিউটার ৫টি, ফটোকপি মেশিন ৩টি, কালার প্রিন্টার ৩টি, নেটওয়ার্ক প্রিন্টার ১টি, এয়ার কন্ডিশনার ৪টি এবং মার্কার পেন ৭০,০০০টি ই-টেন্ডারিং এবং ম্যানুয়াল পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।
- ❑ **পাইলট তথ্য সংগ্রহ এবং ওয়ার্কশপ আয়োজন:** বিশ্বব্যাংক কর্তৃক নির্বাচিত ফার্মের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে ইলেকট্রনিক ডিভাইস (Tablet) ব্যবহার করে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার আমতৈল ইউনিয়ন এবং গাইবান্ধা জেলার গাইবান্ধা সদর উপজেলার ঘাঘোয়া ইউনিয়নের সকল খানার তথ্য সংগ্রহ কার্যক্রম ১১ ডিসেম্বর ২০১৬ হতে ২০ জানুয়ারি ২০১৭ পর্যন্ত পরিচালিত হয়েছে।
- ❑ **ফেইজভিত্তিক তথ্য সংগ্রহ:** ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের অংশ হিসেবে ১ম ফেইজে রংপুর বিভাগের ০৮ টি জেলা, বরিশাল বিভাগের ০৬ টি জেলা এবং ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর জেলাসহ মোট ১৭ টি জেলায় তথ্য সংগ্রহের নিমিত্ত ০৯ জানুয়ারি ২০১৭ হতে ২৩ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত জোনাল অপারেশন কার্যক্রম পরিচালিত হয়েছে। ১ম ফেইজের মূল তথ্য সংগ্রহের উদ্দেশ্যে গত ০১ এপ্রিল হতে ০৩ এপ্রিল ২০১৭ খ্রি. তারিখে ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে গণনাকারী/সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদান করা হয়। গত ০৪ এপ্রিল হতে ২৩ এপ্রিল ২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ১ম ফেইজে মোট ১৭ টি জেলায় চূড়ান্ত শুমারি কার্যক্রম অনুষ্ঠিত হয়।
- ❑ **টিপিপি সংশোধন:** মাননীয় পরিকল্পনামন্ত্রী কর্তৃক গত ০৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে এনএইচডি প্রকল্পের ১ম সংশোধিত টিপিপি অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অনুমোদিত মোট বরাদ্দ ৬৯৯৪৬.০০ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি: ৩৯৯৬.০৮ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য (বিশ্বব্যাংক): ৬৫৯৪৯.৯২ লক্ষ টাকা। প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল ০১ জুলাই ২০১৩ থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ সাল পর্যন্ত।

**এনএইচডি প্রকল্পের গুরুত্ব:**

একটি দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের অন্যতম হাতিয়ার হচ্ছে সঠিক ও নির্ভুল পরিসংখ্যান। এনএইচডি প্রকল্পের মাধ্যমে পর্যায়ক্রমে দেশের সকল অর্থনৈতিক, সামাজিক, জনমিতিক তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক সময়োপযোগী ডাটাবেইজ প্রস্তুত করা হবে। প্রাপ্ত পরিসংখ্যান ও খানাভিত্তিক তথ্যভান্ডার এর মাধ্যমে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের মধ্যে যোগসূত্র স্থাপন এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপজেলা থেকে শুরু করে সকল প্রশাসনিক মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার ব্যবহার উপযোগী করা সম্ভব হবে। এছাড়া সকল পর্যায়ে পরিসংখ্যান ব্যবহারকারী ও অংশিজন (স্টেকহোল্ডার) মূল্যবান এ তথ্য ভান্ডারের সুফল ভোগ করবেন। এ প্রকল্পের মাধ্যমে প্রস্তুতকৃত ডাটাবেইজ বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগী বাছাইয়ে ব্যবহার করা হবে। সুতরাং এ ডাটাবেইজ এর মাধ্যমে দেশের দরিদ্র জনগোষ্ঠী বিশেষভাবে উপকৃত হবেন এবং সর্বোপরি দারিদ্র বিমোচনেও এ ডাটাবেইজ ভূমিকা রাখবে। তাছাড়া দেশের সকল খানা হতে তথ্য সংগ্রহের মাধ্যমে যেহেতু এ ডাটাবেইজ প্রস্তুত করা হবে সেহেতু দেশের সকল জনগোষ্ঠী এ প্রকল্প হতে উপকৃত হবে।

**এনএইচডি প্রকল্পের ভবিষ্যৎ পরিকল্পনা:**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের নাম</th><th>উদ্দেশ্য</th><th>সম্ভাব্য ব্যয় (টাকা)</th><th>কিভাবে বাস্তবায়ন করা হবে</th><th>বাস্তবায়নের অভীষ্ট সময়সীমা</th></tr>
<tr><td>১.</td><td>জোনাল অপারেশন পরিচালনা</td><td>২য় ফেইজে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের সকল জেলা ও ময়মনসিংহ বিভাগের নেত্রকোনা জেলার সকল খানা হতে তথ্য সংগ্রহের লক্ষ্যে জোনাল অপারেশন পরিচালনা করা হবে।</td><td rowspan="2">২৪৬ কোটি ৬৭ লক্ষ ১৮ হাজার</td><td rowspan="4">ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের আওতায় দেশের সকল খানা অর্থাৎ প্রায় ৩.৫০ কোটি খানা হতে ফেইজভিত্তিক তথ্য সংগ্রহ করা হবে। মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের ক্ষেত্রে ICR (Intelligent Character Recognition) পদ্ধতির উপযোগী প্রশ্নপত্র ব্যবহার করা হবে। খানার গৃহের ধরণ, খানার সম্পদের পরিমাণ, খানার মালিকানাধীন জমির পরিমাণ, খানার সদস্যগণের শিক্ষার স্তর, সদস্যগণের পেশার ধরণ প্রভৃতি তথ্যের ভিত্তিতে Proxy Mean Test-Formula (PMT) পদ্ধতি ব্যবহারের মাধ্যমে প্রতিটি খানার একটি স্কোর সম্বলিত ডাটাবেইজ প্রণয়ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দেশের সকল খানা ও খানার সদস্যগণের তথ্য-উপাত্ত সংগ্রহের মাধ্যমে সকল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক তথ্যসম্বলিত একটি জাতীয় ডাটাবেইজ প্রণয়ন করা হবে। ডাটাবেইজ প্রস্তুতের পর একটি Management Information System (MIS) এর মাধ্যমে এ ডাটাবেইজ ব্যবহারকারী মন্ত্রণালয়/বিভাগের জন্য উন্মুক্ত করা হবে।</td><td>০৬/০৮/২০১৭-২০/০৮/২০১৭</td></tr>
<tr><td>২.</td><td>তথ্য সংগ্রহ</td><td>২য় ফেইজে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের সকল জেলা ও ময়মনসিংহ বিভাগের নেত্রকোনা জেলার সকল খানা হতে তথ্য সংগ্রহ করা হবে।</td><td>০৭/১১/২০১৭-২৬/১১/২০১৭</td></tr>
<tr><td>৩.</td><td>জোনাল অপারেশন পরিচালনা</td><td>৩য় ফেইজে খুলনা, সিলেট ও রাজশাহী বিভাগ এর সকল জেলার প্রতিটি খানার তথ্য সংগ্রহের লক্ষ্যে জোনাল অপারেশন পরিচালনা করা হবে।</td><td rowspan="2">১৮৯ কোটি ৩১ লক্ষ ৫৪ হাজার</td><td>এপ্রিল-জুলাই, ২০১৮</td></tr>
<tr><td>৪.</td><td>তথ্য সংগ্রহ</td><td>৩য় ফেইজে খুলনা, সিলেট ও রাজশাহী বিভাগ এর সকল জেলার প্রতিটি খানার তথ্য সংগ্রহ করা হবে।</td><td>আগষ্ট-সেপ্টেম্বর, ২০১৮</td></tr>
</table>

### ৬.১.২ অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প

**বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**বাস্তবায়নকাল** : জুলাই ২০১১ হতে জুন ২০১৮
**আরম্ভ** : জুলাই ২০১১
**সমাপ্তি** : জুন ২০১৮
**প্রকল্পের উদ্দেশ্য** :

- বাংলাদেশে তৃতীয় অর্থনৈতিক শুমারি ২০১৩ সালে সম্পাদন করা এবং সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে প্রতিবেদন প্রকাশ করা;
- মূল শুমারি সম্পন্ন করার (তথ্য সংগ্রহ) পর সম্ভাব্য কম সময়ের মধ্যে গণনা যাচাই-পরবর্তী (Post Enumeration Check) কার্যক্রম সম্পন্ন করা;
- বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ড বিষয়ে বিস্তারিত জরিপ সম্পাদনের নিমিত্ত Sampling Frame প্রস্তুত করা;
- Bangladesh Standard Industrial Classification (BSIC 2009) অনুযায়ী অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠানের একটি ডিরেক্টরি (Directory) প্রণয়ন করা;
- অর্থনৈতিক কর্মকাণ্ডের শিল্পগত বিন্যাস, নিয়োজিত জনবলের সংখ্যা ও মালিকানার ধরণ নির্ধারণ করা;
- জাতীয় আয়ের ভিত্তি বছর পরিবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় বেঞ্চমার্ক তথ্য সরবরাহ করা;
- অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত উপখাতগুলোর কাঠামো নিরূপণ করা;
- অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকাণ্ডের কাঠামো নির্ধারণ ও সামগ্রিক অর্থনীতিতে এর অবদান নিরূপণ করা;
- অর্থনৈতিক উন্নয়নের জন্য তথ্যনির্ভর যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও নীতিনির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করা এবং
- আন্তর্জাতিক মানসম্পন্ন পাইলট বিজনেস রেজিস্টার প্রণয়ন করা।

**প্রাক্কলিত ব্যয়** : ১৭৮৯৫.৮১ লক্ষ (২য় সংশোধন)
**২০১৬-২০১৭ অর্থ বছরের কাজের অগ্রগতি** : ১০০%

**অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্পের কর্ম পরিকল্পনা:**

| ক্রমিক নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন করা হবে | বাস্তবায়নের অভীষ্ট সময়সীমা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | পাইলট বিজনেস রেজিস্টার প্রণয়ন | ক) দেশের সকল শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানের একটি নির্ভুল তালিকা প্রণয়ন ও তা নিয়মিত হালনাগাদকরণ;<br>খ) শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানের মৌলিক তথ্যের মূল্যবান তথ্যভাণ্ডার গড়ে তোলা;<br>গ) শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠান সংক্রান্ত যে কোন জরিপ পরিচালনার জন্য হালনাগাদ স্যাম্পলিং ফ্রেম (Sampling Frame) সরবরাহ করা;<br>ঘ) শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানের | ৫৮৯.৮০ লক্ষ টাকা | Business Register প্রণয়নের লক্ষ্যে মাঠপর্যায় হতে সম্পূর্ণ নতুনভাবে তথ্য সংগ্রহ করা হবে। এ উদ্দেশ্যে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হবে:<br>ক) নতুন প্রশ্নপত্র প্রণয়ন করা হবে;<br>খ) বিজনেস রেজিস্টার প্রস্তুতের কাজ নির্ভুলভাবে সম্পাদনের লক্ষ্যে এর সমগ্র প্রক্রিয়া স্বল্প পরিসরে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অভিজ্ঞতা সঞ্চয় করা হবে যা পাইলট টেস্ট হিসেবে পরিচিত;<br>গ) প্রতিষ্ঠান চিহ্নিতকরণের জন্য অর্থনৈতিক শুমারি-২০১৩ থেকে | ৩০ জুন ২০১৮ খ্রি. |

| ক্রমিক নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন করা হবে | বাস্তবায়নের অভীষ্ট সময়সীমা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | গতি- প্রকৃতি কিভাবে বা কোনদিকে ধাবিত হচ্ছে তা নিয়মিত পর্যবেক্ষণ করা;<br>ঙ) তথ্য বিভ্রাট ও তথ্যের দ্বৈততা দূরীকরণের লক্ষ্যে কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত প্রতিষ্ঠানগুলোর তথ্য বিভিন্ন উৎস হতে সংগ্রহ ও সরবরাহের পরিবর্তে একটি একক উৎস হতে সরবরাহ করা এবং<br>চ) সঠিক ও সময়োপযোগী পরিকল্পনা প্রণয়নের জন্য নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও গবেষকদের দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পর্কে হালনাগাদ সঠিক তথ্য প্রদান করা। | | প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যভিত্তি হিসেবে ব্যবহৃত হবে;<br>ঘ) একজন গণনাকারীকে অর্থনৈতিক শুমারি-২০১৩ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ১২০-১৩০ টি প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহের দায়িত্বে নিয়োজিত করা হবে। তথ্য সংগ্রহকারী শুরুতে প্রশ্নপত্র, গণনা এলাকা (Enumeration Area) গঠন ও গণনা এলাকার মানচিত্র প্রণয়ন ইত্যাদি বিষয়ে কমপক্ষে ৩ দিনের প্রশিক্ষণ গ্রহণ করবে। পরবর্তী ৪ দিন তালিকা অনুযায়ী তার আওতাধীন প্রতিষ্ঠানগুলোকে চিহ্নিত করে গণনা এলাকার মানচিত্র প্রণয়ন করবে যা গণনা এলাকা (Enumeration Area) হিসেবে চিহ্নিত হবে। পরবর্তী ৮ দিন তার এলাকায় প্রদত্ত তালিকা ও তালিকার বাইরে যদি কোন প্রতিষ্ঠান থাকে সেগুলোসহ সকল প্রতিষ্ঠানের মূল তথ্য প্রশ্নপত্রের মাধ্যমে সংগ্রহ করবে;<br>ঙ) প্রতি ৫ জন গণনাকারীর জন্য ১ জন সুপারভাইজার নিয়োগ করা হবে। নিয়োজিত সুপারভাইজার গণনাকারীর অনুরূপ প্রশিক্ষণ গ্রহণ করবে ও তাঁর আওতাভুক্ত ৫টি গণনা এলাকা নিয়ে সুপারভাইজার এলাকার মানচিত্র প্রণয়ন করবে যা সুপারভাইজার এলাকা হিসেবে চিহ্নিত হবে। সুপারভাইজার তথ্য সংগ্রহের সময় গণনাকারীর কাজ প্রত্যক্ষ করবেন ও প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা করে তথ্যের মান নিশ্চিত করবেন; | |

| ক্রমিক নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন করা হবে | বাস্তবায়নের অভীষ্ট সময়সীমা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | চ) বিজনেস রেজিস্টারের তথ্য প্রক্রিয়াকরণ বিবিএস-এর জেলা কার্যালয়ে সম্পন্ন করা হতে পারে;<br>ছ) প্রতিষ্ঠানগুলোর মধ্যে Parent-child Relationship তৈরির কাজ প্রধান কার্যালয়ে সম্পাদন করা হবে এবং<br>জ) Parent-child Relationship তৈরির কাজ সম্পন্ন করার পর তা সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষা করে এর সঠিকতা নিশ্চিত করা হবে। যাচাই-বাছাইয়ের মাধ্যমে এই কাজটি চূড়ান্ত করা হবে। | |

**৬.১.৩ বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প**

বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্রাক্কলিত ব্যয় : ২১.৭৫ কোটি টাকা।
বাস্তবায়নকাল : ১ এপ্রিল, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৭।

**প্রকল্পের উদ্দেশ্য:**

- শুমারি পরিচালনার মাধ্যমে বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের একটি সমন্বিত ডাটাবেইজ প্রণয়ন;
- অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের ছবি ও মিয়ানমার নাগরিক হিসেবে প্রমাণযোগ্য দলিলাদির ইমেজ ধারণ ও সংগ্রহপূর্বক ডাটাবেইজে অন্তর্ভুক্তকরণ;
- অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের বর্তমান অবস্থান ও বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থান নিরূপণ;
- মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশে অন্তর্নিহিত কারণসমূহ চিহ্নিতকরণ এবং
- বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের আর্থ-সামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন।

**পটভূমি:** বাংলাদেশ তিন দশকের বেশি সময় ধরে মিয়ানমার থেকে আগত শরণার্থী ও অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের আশ্রয় দিয়ে আসছে। জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশনার (ইউএনএইচসিআর)-এর মাধ্যমে শরণার্থীদের একটি বড় অংশ প্রত্যাবাসন করা সম্ভব হলেও ২০০৫ সাল থেকে ২০ হাজার শরণার্থী (বর্তমানে এ সংখ্যা দাঁড়িয়েছে ৩৩ হাজারের বেশি) বাংলাদেশে রেখেই প্রত্যাবাসন প্রক্রিয়া স্তিমিত হয়ে পড়ে। এ অবস্থায়, এসব মিয়ানমারের রাখাইন প্রদেশ হতে আসা শরণার্থীদের (যারা মূলত রোহিঙ্গা নামে পরিচিত) আটকে পড়ার সুযোগে এ জনগোষ্ঠীর সদস্যরা সেখানে তাদের ওপর বিভিন্ন সময়ে সংঘটিত নির্যাতন ও নিষ্পেষণের কারণে অনবরত বাংলাদেশে অনুপ্রবেশ করছে। হাজার হাজার অনিবন্ধিত মিয়ানমার নাগরিক সারা বাংলাদেশে ছড়িয়ে-ছিটিয়ে পড়েছে। এদের বেশিরভাগই কক্সবাজার ও সংলগ্ন জেলাসমূহে বসবাস করছে। এসব অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদেরকে শরণার্থী মর্যাদা ঘোষণা করা হয়নি। মিয়ানমার নাগরিকদের অনবরত এ অনুপ্রবেশের ফলে শুধুমাত্র আমাদের অর্থনীতিকেই ক্ষতিগ্রস্থ করছে না, আমাদের দেশের সুশাসন, সামাজিক ও জীববৈচিত্র্যের ভারসাম্যতাও নষ্ট করছে। তাদের কেউ কেউ বিভিন্ন অপরাধ কর্মকাণ্ডে জড়িত হয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটাচ্ছে। তাদের কারণে স্থানীয় শ্রমবাজার ও উপকূলীয় সমুদ্রবেষ্টনি কার্যক্রমে ব্যাপক নেতিবাচক প্রভাব পড়ছে। যত্রতত্র বসবাসকারী এসব মিয়ানমার নাগরিকদের জীবনযাত্রার মান অত্যন্ত মানবেতর পর্যায়ে। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ সরকার আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা ও উন্নয়ন সহযোগীদের সমন্বয়ের মাধ্যমে এসব মিয়ানমার নাগরিকদের মানবিক সহায়তা প্রদান করে আসছে।

বাংলাদেশে অবস্থানরত মিয়ানমার শরণার্থী ও অনিবন্ধিত মিয়ানমার নাগরিক সংক্রান্ত সরকারের বিভিন্ন কার্যক্রম যথাযথ সমন্বয়ের জন্য সরকার 'মিয়ানমার শরণার্থী ও অনিবন্ধিত মিয়ানমার নাগরিক সংক্রান্ত জাতীয় কৌশলপত্র' প্রণয়ন করে। এ কৌশলপত্রের আওতায় পররাষ্ট্র সচিবকে প্রধান করে একটি 'জাতীয় টাস্কফোর্স' গঠন করা হয়েছে। বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের মানবিক সহায়তা প্রদানে সমন্বয় এবং মিয়ানমার সরকারের সাথে তাদের প্রত্যাবাসনের জন্য আলাপ-আলোচনার জন্য প্রণীত কৌশলপত্রে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের বায়োমেট্রিকসহ একটি পূর্ণাঙ্গ ডাটাবেইজ করার সুপারিশ করা হয়েছে। জাতীয় টাস্কফোর্সের পক্ষ থেকে 'বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)'-কে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের বায়োমেট্রিক ডাটাবেইজ ও ছবিসহ ডাটাবেইজ করার দায়িত্ব প্রদান করা হয়।

প্রাথমিক অবস্থায়, এ বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করে দেখা যায় যে, মিয়ানমার নাগরিকদের অর্ধেকের বেশি ৯ বছরেরও কম বয়সী শিশু। এসব শিশুদের ক্ষেত্রে 'ফিঙ্গার প্রিন্ট' পরিবর্তনশীল। একারণে শুধুমাত্র 'ফিঙ্গারপ্রিন্ট' গ্রহণ করে বায়োমেট্রিক সম্পাদন করা হলে, অর্ধেকের বেশি মিয়ানমার নাগরিকের জন্য তা কার্যকরী হবে না। এমতাবস্থায়, জাতীয় টাস্কফোর্স কমিটি সকল মিয়ানমার নাগরিকদের বায়োমেট্রিক হিসেবে 'আইরিশ' (চোখের মণির ছবি) গ্রহণ করার সুপারিশ করে। এ পর্যায়ে এলাকাভিত্তিক অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের অবস্থানের কোন পূর্বসংখ্যা না থাকায় ব্যয়বহুল আইরিশ বায়োমেট্রিক ডিভাইসের প্রকৃত প্রয়োজনীয় সংখ্যা নিরূপণ করা সম্ভব ছিল না। এ কারণে জাতীয় টাস্কফোর্স প্রথম পর্যায়ে মিয়ানমার নাগরিকদের 'ইউনিক আইডি' নম্বরসহ ছবি এবং মিয়ানমার নাগরিক হিসেবে প্রমাণযোগ্য দলিলাদির ইমেজসহ ডাটাবেইজ করার সিদ্ধান্ত প্রদান করে। একইসঙ্গে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের মতামতের প্রেক্ষিতে ও পূর্বের প্রত্যাবাসনের অভিজ্ঞতার আলোকে 'মিয়ানমারে তাদেরকে ফেরত পাঠাতে সহায়ক' হবে এমন মোট ৪৬ ধরনের তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত করার জন্য জাতীয় টাস্কফোর্স সুপারিশ করে। পাশাপাশি ডাটাবেইজে অন্তর্ভুক্ত মিয়ানমার নাগরিকদের ইউনিক আইডি নম্বরসহ একটি 'স্লিপ' প্রদানের সুপারিশ করে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো উক্ত ডাটাবেইজ প্রণয়ন কার্যক্রম সম্পাদন করার লক্ষ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে 'বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫' শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করে। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ ছিল ০১ এপ্রিল, ২০১৫ হতে ৩১ ডিসেম্বর, ২০১৬। উক্ত মেয়াদকালে এ প্রকল্পের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১ম দফায় ২০১৬ সালের ২-১৪ জুন নির্বাচিত ৬টি জেলায় (কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম ও পটুয়াখালী) শুমারি কার্যক্রম পরিচালনা করে। কিন্তু ৯ অক্টোবর, ২০১৬ তারিখে মিয়ানমারে একটি পুলিশ পোস্টে হামলার প্রেক্ষিতে রাখাইনে মিয়ানমার সেনাবাহিনী অভিযান শুরু করে। উক্ত অভিযানের সুযোগে সৃষ্ট রাষ্ট্রীয় নিপীড়ন ও জাতিগত নির্মূল কার্যক্রমের শিকার হয়ে হাজার হাজার মিয়ানমার নাগরিক বাংলাদেশে অনুপ্রবেশ শুরু করে। উদ্ভূত পরিস্থিতিতে জাতীয় টাস্কফোর্স বিবিএস-এর প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে নতুনভাবে আসা মিয়ানমার নাগরিকদেরকেও ডাটাবেইজে অন্তর্ভুক্ত করার অনুরোধ করে। জাতীয় টাস্কফোর্সের অনুরোধের প্রেক্ষিতে ব্যয় ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বর্ধিত মেয়াদকালে ২০১৭ সালের ২-১৪ মার্চ সময়ে পূববর্তী শুমারির পরে অনুপ্রবেশকারীদের ওপর জাতীয় টাস্কফোর্স-এর সিদ্ধান্ত অনুযায়ী ৩টি জেলার (কক্সবাজার, বান্দরবান ও চট্টগ্রাম) ১৩টি উপজেলায় (টেকনাফ, উখিয়া, রামু, কক্সবাজার সদর, চকরিয়া, নাইক্ষ্যংছড়ি, আলী কদম, লামা, লোহাগাড়া, সাতকানিয়া, চন্দনাইশ, পটিয়া ও বোয়ালখালী) নতুন শুমারি কার্যক্রম পরিচালনা করা হয়।

## ৬.১.৪ বাংলাদেশের পূর্বতন ছিটমহলের অধিবাসী শুমারি ২০১৭ প্রকল্প

**প্রকল্পের নাম** : বাংলাদেশের পূর্বতন ছিটমহলের অধিবাসী শুমারি ২০১৭ প্রকল্প (Census of the Former Enclaves Population of Bangladesh 2017 Project)।

**প্রকল্পের মেয়াদ** : জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭।

**মোট অনুমোদিত বরাদ্দ** : ১৫৩.২০ লক্ষ টাকা (রাজস্ব ব্যয়: ১৩৩.২০ লক্ষ টাকা ও মূলধন ব্যয়: ২০.০০ লক্ষ টাকা)।

**অর্থায়ন** : জিওবি: ১৫৩.২০ লক্ষ টাকা।

**বাস্তবায়ন এলাকা** : পঞ্চগড়, নীলফামারী, লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলা।

**প্রকল্পের পটভূমি** :

বাংলাদেশের অভ্যন্তরে ১১১টি ভারতীয় ছিটমহল এবং ভারতের অভ্যন্তরে ৫১টি বাংলাদেশি ছিটমহলের জনসংখ্যা নিরূপণে গত ৬-১৬ জুলাই ২০১৫ সময়ে ভারত-বাংলাদেশ যৌথ জরিপ পরিচালিত হয়। ৭৫টি দল এ ১৬২টি ছিটমহলে জনগণনা করে এবং কে কোন দেশের নাগরিক হবে সে বিষয়ে ছিটমহলের বাসিন্দাদের সাথে আলোচনা করে অপশন গ্রহণ করা হয়। জরিপ অনুযায়ী বাংলাদেশের অভ্যন্তরে ১১১টি ছিটমহলের মধ্যে ৩৬টি পঞ্চগড়ে, ৪টি নীলফামারীতে, ৫৯টি লালমনিরহাটে এবং ১২টি কুড়িগ্রাম জেলায় যেখানে লোকসংখ্যা প্রায় ৩৭,৫৩৫ জন। উক্ত জেলাসমূহের মধ্যে পঞ্চগড় সদর, বোঁদা, দেবীগঞ্জ, ডিমলা, লালমনিরহাট সদর, হাতীবান্ধা,

পাটগ্রাম, ভুরুঙ্গামারী এবং ফুলবাড়ি এ ৯ টি উপজেলায় এসকল ছিটমহল অবস্থিত। এর মধ্যে মাত্র ৯৮৭ জন ভারতে যাওয়ার জন্য অপশন প্রদান করে। ছিটমহলবাসীদের উন্নয়নে বাংলাদেশ সরকার ব্যাপক উন্নয়ন কর্মসূচি হাতে নেয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন। এসকল উন্নয়ন পরিকল্পনায় এ প্রকল্পের মাধ্যমে সংগৃহীত পরিসংখ্যান ব্যবহৃত হবে।

ছিটমহলের এ সকল অধিবাসীরা বহুকাল ধরে নাগরিক সুবিধাবঞ্চিত। সীমান্ত এলাকায় এদের আবাসস্থল বলে সীমান্তে সংঘটিত অপরাধে জড়িয়ে পড়ার প্রবণতাও বেশি। আর্থিক অনটনে থাকলে সহজেই মানুষ অবৈধ পন্থায় আয় খুঁজতে লিপ্ত হয়ে পড়ে। তাই এসকল লোকের জীবনমান উন্নয়নে কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য, আবাসনের যথাসাধ্য ব্যবস্থা এবং দুর্যোগ মোকাবেলায় সরকারি-বেসরকারিভাবে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ ধরনের কার্যক্রম গ্রহণের পূর্বে উন্নয়ন পরিকল্পনার স্বার্থে প্রথমেই তাদের বর্তমান আর্থ-সামাজিক অবস্থান সম্পর্কিত তথ্য জানার প্রয়োজন রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যেহেতু এ দেশের অফিসিয়াল পরিসংখ্যান প্রণয়নে নিয়োজিত তাই বিবিএস কর্তৃক প্রণীত প্রশ্নপত্রের মাধ্যমে ছিটমহলবাসীর আর্থ-সামাজিক পরিসংখ্যান সংগ্রহ করা প্রয়োজন। National Strategy for the Development of Statistics (NSDS)-এর আওতায় Census Wing এর Goal-3 (Preparing database of Poor Population and Social Safety Net Coverage) এর সফল বাস্তবায়নের জন্য পূর্বতন ছিটমহলের অধিবাসীগণের তথ্য উপাত্ত সংগ্রহ করা প্রয়োজন। সে কারণে ছিটমহলবাসীদের পরিসংখ্যান প্রণয়ন প্রকল্প পরিচালনা করা অপরিহার্য।

**প্রকল্পের উদ্দেশ্য**:

- ছিটমহলে অবস্থিত জনসংখ্যা, খানার সংখ্যা ও ধরণ, অধিবাসীদের বয়স ও লিঙ্গ সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- ছিটমহলের অধিবাসীদের পেশা এবং আয়-ব্যয় সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- ছিটমহলবাসীদের বিস্তারিত জনতাত্ত্বিক তথ্য সংগ্রহ;
- ছিটমহলের অধিবাসীদের আবাসন ও খানার সুযোগ-সুবিধা সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- ছিটমহলের অধিবাসীদের ভূমিহীনতা ও মালিকানাধীন সম্পদ সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং
- ছিটমহলের পরিবেশ সংক্রান্ত তথ্য সংগ্রহ।

**বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব):**

- ১০-১৫ জুন ২০১৭ সময়ে প্রশ্নপত্র এবং ম্যানুয়ালের ফিল্ড টেস্ট পরিচালিত হয়েছে;
- ১০-১৫ জুলাই ২০১৭ সময়ে পাইলট শুমারি পরিচালিত হয়েছে;
- মূল শুমারির জন্য শুমারি মালামালসহ প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন হয়েছে;
- ওয়ার্কিং কমিটির ২ টি, টেকনিক্যাল কমিটির ২ টি, স্টিয়ারিং কমিটির ১ টি এবং প্রচার কমিটির ১ টি সভা অনুষ্ঠিত হয়েছে;
- প্রশ্নপত্র এবং ম্যানুয়াল বিষয়ে গত ০১ জুন ২০১৭ তারিখে বৃহৎ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে এবং
- মূল শুমারির চূড়ান্ত প্রস্তুতি কার্যক্রম চলছে।

**বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক):**

প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১৫৩.২০ লক্ষ টাকা। ২০১৬-১৭ অর্থবছরে ৮৮.০০ লক্ষ টাকা প্রকল্পের আওতায় পাওয়া গেলেও ২৫.৩২ (২৮.৭৮%) লক্ষ টাকা ব্যয়িত হয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে ১২৭.৮৮ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে।

## ৭.০ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং

ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং কর্তৃক দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পর্যায়ক্রমিক দুটি আদমশুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার হিসাব প্রাক্কলন, বার্ষিক ও ষান্মাসিক জনতত্ত্ব ও জনমিতি বিষয়ক পরিবর্তন, এতদসংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। এছাড়া দেশের স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য বিষয়ক বিভিন্ন তথ্য সংগ্রহপূর্বক পরিসংখ্যান প্রণয়ন করে থাকে।

## ৭.১ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর সম্পাদিত কার্যাবলি

ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা এর প্রধান ৭টি কাজ নিম্নরুপ:

(ক) **MSVSB-** (i) ২০১৭ সালের জরিপের নতুন **IMPS Design** অনুযায়ী ২০১২টি নমুনা এলাকা হতে তথ্য সংগ্রহের জন্য রেজিস্ট্রার, সুপারভাইজার এবং সুভারভাইজিং কর্মকর্তাদের **Refresher** প্রশিক্ষণ ঢাকা সদর দপ্তরে ০৬ ডিসেম্বর খ্রি. ২০১৬ ও ০৭ ডিসেম্বর ২০১৬ খ্রি. এবং জেলা সদরে ১৩ ডিসেম্বর ২০১৬ খ্রি. ও ১৪ ডিসেম্বর ২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(ii) **SVRS** এর অন লাইন ডাটা এন্টি কার্যক্রম বাস্তবায়নের জন্য **UNFPA** এর সহায়তায় জিআইএস ম্যাপস প্রকল্প ও **MSVSB** প্রকল্পের মধ্যে আন্ত **MoU** করা হয়েছে।

**(iii) MSVSB-**২০১৬ সালের ২০১২ পিএসইউ হতে ১১টি তফসিল /হাউজহোল্ড লিস্টিং, হাউজহোল্ড কার্ড, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক/বিচ্ছেদ, আগমন, বর্হিগমন, জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি, প্রতিবন্ধি ও **HIV/AIDS** এর মাধ্যমে মাঠ পর্যায় হতে সংগ্রহকৃত তফসিল সমূহের এডিটিং, কোডিং এবং ম্যাচিং শেষে ডাটা কম্পিউটারে ধারণ করা, ডাটা প্রসেসিং এর কাজ শেষ করে রিপোর্টের প্রকাশনা উৎসব/Dissemination Seminar গত ২৯ মে ২০১৭ খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনের **NEC** মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

(খ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো **(**বিবিএস**)** ও Handicap International (HI) Bangladesh এর সাথে যৌথভাবে Rapid Assessment of Disability Survey (RADS) পরিচালনার লক্ষ্যে গত ৩০ অক্টোবর ২০১৬ খ্রি. তারিখে **MoU** স্বাক্ষর সম্পন্ন হয়েছে। উক্ত কার্যক্রম মাঠ পর্যায়ে সম্পাদনের লক্ষ্যে গত ১৩ নভেম্বর ২০১৬ খ্রি. হতে ১৭ নভেম্বর ২০১৬ খ্রি. পর্যন্ত কুড়িগ্রাম জেলায় প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। নরসিংদী জেলার তথ্য সংগ্রহের কাজ গত ২৭ নভেম্বর ২০১৬ খ্রি. শুরু হয়ে ডিসেম্বর মাসে শেষ হয়েছে। কুড়িগ্রাম জেলায় তথ্য সংগ্রহের কাজ ০৮ জানুয়ারি ২০১৭ খ্রি. হতে শুরু হয়ে ২৬ জানুয়ারি ২০১৭ খ্রিষ্টাব্দে শেষ হয়েছে।

(গ) Survey on Child and Mother Nutrition Survey 2017 Project শীর্ষক **DPP** বিষয়ে গত ২০ মার্চ ২০১৭ খ্রি. তারিখে PEC সভা পরিকল্পনা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভায় গৃহিত সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত DPP পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনসহ পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। DPP এর নতুন Format অনুযায়ী সম্পন্ন করে পরিকল্পনা মন্ত্রণালয়ে পুনরায় প্রেরণ করা হয়েছে।

**(ঘ)** Survey on Persons with Disability 2017 Project শীর্ষক DPP সংশোধনপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনসহ পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. তারিখে PEC সভা হয়েছে। PEC সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে কাজ চলছে।

**(ঙ)** Compilation of Gender Statistics of Bangladesh 2017 Project শীর্ষক DPP সংশোধনপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনসহ পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তথাপি উক্ত কার্যক্রম বিবিএস-এর রাজস্ব বাজেটে পরিচালনার লক্ষে টিপিপি প্রস্তুত করে এফএ এন্ড এমআইএস এর সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে।

**(চ)** Global Adult Tobacco Survey (GATS) Bangladesh 2017 পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো **(**বিবিএস**)** ও World Health Organization (WHO**)** এর সংগে MoU স্বাক্ষরের অনুমতির জন্য Protocol, Terms of Reference (TOR), Technical Service Agreement (TSA) ও Budget বিবিএস হতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে MoU স্বাক্ষরের অনুমতি পাওয়া গেছে। গত ২১ মে ২০১৭ খ্রি. হতে ২৮ মে ২০১৭ খ্রি. পর্যন্ত সময়ে প্রশ্নপত্রের প্রিটেষ্ট ট্রেনিং এবং শহরের ১টি ও পল্লীর ১টি সহ মোট ২টি পিএসইউতে প্রশ্নপত্রের মাধ্যমে তথ্যসংগ্রহ সম্পন্ন হয়েছে। বর্তমানে সারা দেশব্যাপি লিস্টিং ও ম্যাপিং কার্যক্রম চলছে।

**(ছ)** ন্যাশনাল হাইজিন সার্ভে ২০১৭ পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ও Water Aid Bangladesh এর সংগে গত ১৩ জুন ২০১৭ খ্রি. তারিখে MoU স্বাক্ষর সম্পন্ন হয়েছে। জরিপ কার্যক্রম পরিচালনার লক্ষে কাজ চলছে।

## ৭.২ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং-এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের চলমান প্রকল্পসমূহের বিবরণ

### ৭.২.১ মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) প্রকল্প

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিষ্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) প্রকল্প |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |
| বাস্তবায়নকাল | : | (১) আরম্ভ: জুলাই, ২০১২ খ্রি.<br>(২) সমাপ্তি: জুন, ২০১৭ খ্রি. |
| প্রকল্পের উদ্দেশ্য | : | ❑ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রতি ১০ বৎসর অন্তর অন্তর আদমশুমারি অনুষ্ঠিত হয়। আদমশুমারি হতে শুমারি পরবর্তী বছর ভিত্তিক জনসংখ্যা ও জনতাত্ত্বিক সূচকসমূহের পরিবর্তন নিরূপণ করা যায় না। তাই এমএসভিএসবি প্রকল্পের মাধ্যমে জনসংখ্যা ও জনতাত্ত্বিক সম্পর্কিত সাম্প্রতিক এবং বিস্তারিত তথ্য সংগ্রহ করে বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।<br>❑ এছাড়াও সমগ্র বাংলাদেশ IMPS Design এর মাধ্যমে নির্বাচিত ২০১২টি নমুনা এলাকা (Primary Sampling Unit) হতে জনসংখ্যা ও জনতাত্ত্বিক বিষয়ক নির্ভরযোগ্য ও সঠিক তথ্য সংগ্রহ করা;<br>❑ আন্তঃশুমারি বৎসরসমূহের জনসংখ্যা বৃদ্ধির উপাদানসমূহ যথা- জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বর্হিগমন এবং আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং নিয়মিতভাবে জনমিতি সম্পর্কিত সূচকসমূহের রিপোর্ট প্রকাশ করা;<br>❑ জনসংখ্যা ও জনতত্ত্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় সাধনপূর্বক Computer-এ ধারণ ও সংরক্ষণ করা;<br>❑ দাতা সংস্থা, গবেষক, পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকগণের গবেষণা ও পরিকল্পনা কাজে ব্যবহারের জন্য এ তথ্য সরবরাহ করা;<br>❑ স্থানীয় সরকারের সাথে যৌথভাবে ভাইটাল রেজিস্ট্রেশন (জন্ম-মৃত্যু) কার্যক্রম পরিচালনা, তথ্য প্রক্রিয়াকরণ ও ডাটা বেইস ব্যবস্থাপনায় অংশগ্রহণ করা;<br>❑ এ প্রকল্পের আওতায় ২০১২টি নমুনা এলাকায় মহিলাদের উন্নয়ন কর্মকান্ডে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি ও কর্মসংস্থানের জন্য স্থানীয় রেজিস্ট্রার হিসেবে তাদেরকে শতভাগ অগ্রাধিকার ভিত্তিতে সম্পৃক্ত করা;<br>❑ এ প্রকল্পের মাধ্যমে পানির ব্যবহার, আলোর উৎস, জ্বালানির ব্যবহার, পয়ঃনিষ্কাশন ও পরিবেশ দূষণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে পরিবেশ দূষণ দূরীকরণের জন্য পরিকল্পনা প্রণয়ন করা অন্যতম উদ্দেশ্য। |
| প্রাক্কলিত ব্যয় | : | (১) স্থানীয় মুদ্রা: ৩৮৮০.০০ লক্ষ টাকা (জিওবি) |

২০১৬-১৭ অর্থবছরে কাজের অগ্রগতি: (১) আর্থিক অগ্রগতিঃ ৯৩.০৬%, (২) বাস্তব অগ্রগতিঃ ১০০%

২০১৭ জুন পর্যন্ত কাজের ক্রমপুঞ্জিত অগ্রগতি: (১) আর্থিক অগ্রগতিঃ ৯৫.১৮%<br>(২) বাস্তব অগ্রগতিঃ ১০০%

ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর কর্ম পরিকল্পনা

| ক্র: নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন করা হবে | বাস্তবায়নের অভীষ্ট সময় সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | চাইল্ড এন্ড মাদার নিউট্রিশন সার্ভে ২০১৭ | ক) ৫ বছরের কম বয়সী মা ও শিশুর পুষ্টিমান সম্পর্কে তথ্য সংগ্রহ করা।<br>খ) ৫ বছরের কম বয়সী শিশুর অসুস্থ্যকালীন সময়ে শিশুর খাদ্য গ্রহণ ও পরিচর্যা সম্পর্কে মায়ের জ্ঞান জানা।<br>গ) খানার সদস্যদের আর্থ-সামাজিক ও শিক্ষা সম্পর্কে তথ্য সংগ্রহ করা। | ৬২৫.৭৪ লক্ষ | GoB | জুন ২০১৮ | |
| ২। | জাতীয় প্রতিবন্ধি জরিপ ২০১৭ | ক) শারীরিক ও মানসিক প্রতিবন্ধিতার কারণ এবং বর্তমান অবস্থা সম্পর্কে ধারণা গ্রহণ, বিশেষভাবে শিশু-প্রতিবন্ধিতা সম্পর্কে বিশদ তথ্য সংগ্রহ করা।<br>খ) প্রতিবন্ধিদের স্বাস্থ্য, শিক্ষা, শ্রমের স্বল্প ও দীর্ঘমেয়াদী কার্যক্রম পরিচালনা গ্রহণের লক্ষে Baseline তথ্য প্রস্তুত করা। | ৪৯৯.০০ লক্ষ | GoB | জুন ২০১৮ | |
| ৩। | কম্পাইলেশন অব জেন্ডার স্ট্যাটিসটিকস ২০১৭ | ক) নারী ক্ষমতায়ন ও মূল ধারার সঙ্গে যুক্ত করার লক্ষে এ সংক্রান্ত তথ্য প্রস্তুত করা।<br>খ) সঠিক পরিকল্পনা প্রণয়নের জেন্ডার Disaggregated Data প্রস্তুত করা।<br>গ) নারী উন্নয়নে মনিটরিংয়ের জন্য তথ্য সংগ্রহ ও সরবরাহ করা। | ৯৯.৩০ লক্ষ | GoB | জুন ২০১৮ | |
| ৪। | গ্লোবাল এ্যাডাল্ট টোবাকো সার্ভে ২০১৭ | ক) তামাকজাত ও তামাকজাত ব্যবহার সম্পর্কে তথ্য সংগ্রহ করা।<br>খ) তামাকজাত ও তামাকজাত দ্রব্যের শ্রেণীবিন্যাস ও ব্যবহারকারীর সংখ্যা নিরুপণ করা। | ২৮০.০০ লক্ষ | WHO | জুন ২০১৮ | |
| ৫। | ন্যাশনাল হাইজিন সার্ভে-২০১৭ | ক) হাইজিন সম্পর্কে তথ্য সংগ্রহ করা। | | Water Aid Bangladesh | সেপ্টেম্বর ২০১৮ | |

## ৮.০ ফিন্যান্স অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এফএ অ্যান্ড এমআইএস)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রাতিষ্ঠানিক উন্নয়ন, জনবল কাঠামো পুনর্বিন্যাস, পরিসংখ্যান অবকাঠামো উন্নয়ন, পরিসংখ্যান সম্পর্কিত আইন প্রণয়ন, কর্মকর্তা/কর্মচারী নিয়োগবিধি, সদরদপ্তর ও মাঠ পর্যায়ের প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা, পরিসংখ্যান প্রকাশনা ইত্যাদি বিষয়গুলো এফএ অ্যান্ড এমআইএস কর্তৃক সম্পাদিত হয়।

## ৮.১ এফএ অ্যান্ড এমআইএস-এর প্রধান কাজসমূহ

- পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন উইং এবং উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন সরকারি/বেসরকারি ও বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন করা;
- মুদ্রণ ও প্রকাশনাসহ প্রশাসনিক ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা;
- নিয়োগ, পদোন্নতি, পদায়ন, বদলিসহ বিবিএস এর কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত তথ্য (পিডিএস) সংরক্ষণ করা;
- পরিসংখ্যান ভবনের সংরক্ষণ ও নিরাপত্তা গ্রহণসহ পরিবহন ও অফিস ব্যবস্থাপনা;
- অডিট সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা;
- বিবিএস এর আর্কাইভ ও লাইব্রেরির ব্যবস্থাপনা ও সংরক্ষণ করা;
- বার্ষিক কর্মপরিকল্পনাসহ বিবিএসকে শক্তিশালীকরণ কার্যক্রম সম্পাদন করা;
- বাংলাদেশের সকল বিভাগীয়, জেলা এবং উপজেলা অফিসের প্রশাসন, বাজেট ব্যবস্থাপনা ও কাজের সমন্বয় সাধন এবং নিয়ন্ত্রণ করা;

### ৮.১.১ এফএ অ্যান্ড এমআইএস-এর শাখা ভিত্তিক কার্যাবলি

**প্রশাসন শাখা**

- অফিস শৃঙ্খলা পরিপন্থী কাজের জন্য প্রাথমিক শোকজ/বিভাগীয় মামলা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন করা হয়েছে।
- বিবিএস এর গেজেটেড ও ননগেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃ উইং/শাখা/ফিল্ড কার্যালয়ে বদলী/প্রেষণ, ফিল্ড কার্যালয় হতে সদর দপ্তরে বদলী/প্রেষণ প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।
- মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি/বেসরকারি/বিদেশী সংস্থার সাথে যোগাযোগ সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।
- ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাগণের প্রশাসনিক যাবতীয় কাজ সম্পন্ন হয়েছে।
- ১ম শ্রেণির কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি/বিভাগীয় পরীক্ষা/বুনিয়াদি প্রশিক্ষণ, স্বাস্থ্য পরীক্ষা, জিপি ফান্ড মঞ্জুরী সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।
- ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল, পেনশন মঞ্জুরীর বিষয় প্রক্রিয়াকরণ কাজ সম্পন্ন হয়েছে।
- বিবিএস-এর এফএ এন্ড এমআইএস-এর সদর কার্যালয়ের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের এসিআর সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- বিবিএস-এর এফএ এন্ড এমআইএস-এর সদর কার্যালয়ের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের ছুটি সংক্রান্ত কার্যাদি সম্পন্ন হয়েছে।
- বিবিএস এর সকল শুমারি ও জরিপের কাজের জনবল নিয়োজিত করা সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করা হয়েছে।
- কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ, মোটর সাইকেল, বাইসাইকেল, কম্পিউটার, মোটরকার ইত্যাদি অগ্রিমের আবেদন, সরকারি বাসা বরাদ্দের আবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- বিবিএস-এর বিভিন্ন বিষয়ে কমিটি গঠন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।
- নীতিগত/আর্থিক বিষয়ে সরকারের জারীকৃত স্মারক/পরিপত্র ব্যুরোর সকল উইং ও কার্যালয়ে অগ্রবর্তী করণের কাজ সম্পন্ন হয়েছে।
- বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বিভিন্ন কমিটিতে প্রস্তাবনা অনুযায়ী বিবিএস-এর প্রতিনিধি মনোনয়নের কাজ সম্পন্ন হয়েছে।

**মাঠ প্রশাসন**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের জন্য মহাপরিচালক কর্তৃক অনুমোদিত একই রকম সাইন বোর্ডের নমুনা কপি ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তাগণের নিকট প্রেরণ করা হয়েছে এবং ইতোমধ্যে নমুনা অনুযায়ী সাইন বোর্ড লাগানো হয়েছে।
- যে সকল বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় ও জেলা পরিসংখ্যান কার্যালয়ে পূর্বে বিটিসিএল টেলিফোন ছিল না সে সকল কার্যালয়ে বিটিসিএল টেলিফোন স্থাপনের জন্য মঞ্জুরিপত্র জারি করা হয়েছে এবং ইতোমধ্যে কিছু কিছু কার্যালয়ে নতুন বিটিসিএল টেলিফোন সংযোগ নেয়া হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে বিভাগীয়/জেলা/উপজেলা পরিসংখ্যান কার্যালয় প্রধানদের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা পুন:বন্টন করা হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে পদায়নকৃত কর্মকর্তাগণের অফিস পরিচালনা ও দায়িত্ব পালনের নিমিত্ত করণীয় সম্পর্কে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নির্দেশনাবলি সম্বলিত নীতিমালা প্রেরণ করা হয়েছে।

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলার অভিযোগ সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংরক্ষণ এবং শূন্য পদের হিসাব সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।

**বিনিক শাখা**

- নবসৃষ্ট ৯ টি উপজেলার ২৮ টি পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা (নন-ক্যাডার/ক্যাডার বহির্ভূত) ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৫ প্রণয়নের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;
- ১ম শ্রেণির পরিসংখ্যান কর্মকর্তার ক্যাডার পদে ৯ জন কর্মকর্তার পদোন্নতি সম্পন্ন;
